# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 31 ■ 1st August, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



ডিগ্রি আছে ...
কিন্তু চাকরি নেই ?
DESUN ACADEMY
Get Placed by Skills
Problem ডিগ্রি না ... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in


পুলিশে ডি.এস.পি থেকে জুনিয়র কনস্টেবল পর্যন্ত অনুমোদিত পদের সংখ্যা ১,২১,৩৪৪। এর মধ্যে শূন্যপদ আছে ৪৩ হাজার

# পুজোর আগেই পুলিশে কনস্টেবল পদে ৩৫ হাজার শূন্যপদ পূরণ

## ২০ হাজার নতুন শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোবে ও ২০২৪ সালের পরীক্ষা থেকে ১৬ হাজার নিয়োগ হবে

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** রাজ্য পুলিশে কনস্টেবল পদে কয়েক হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি পুজোর আগেই বেরোচ্ছে। রাজ্য পুলিশে কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ও ডি.এস.পি. র‍্যাঙ্ক পর্যন্ত প্রায় ৪৩ হাজারের মতো শূন্যপদ রয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, বিপুল সংখ্যক শূন্যপদে নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে। সারা ভারতের গড় অনুযায়ী, ১ লাখ জনগণের জন্য ১৫৫ জন পুলিশকর্মী থাকা দরকার। কিন্তু পশ্চিমবঙ্গে ১ লাখ জনগণের জন্য ১০৬ জন পুলিশকর্মী আছেন। তাই রাজ্য সরকার প্রচুর পুলিশকর্মী নিয়োগ করে ওই গড় বজায় রাখতে চায়। পুলিশের আধুনিকীকরণ, রাজ্যে নতুন থানার জন্য, নতুন জেলার জন্য, বিভিন্ন জায়গায় পুলিশ ক্যাম্পের জন্য প্রচুর পুলিশকর্মীর দরকার। আগের সরকার প্রশিক্ষণহীন সিভিক ভলান্টিয়ার নিয়োগ করেছিল। বর্তমান সরকার অস্থায়ী কর্মী নিয়োগের বিপক্ষে। তাই পুলিশে বিপুল সংখ্যক শূন্যপদ পূরণ করা হবে।

নবান্ন সূত্রে খবর, রাজ্য পুলিশে কনস্টেবল পদে ২০২৪ সালের পরীক্ষা থেকে প্রায় ১৬ হাজার শূন্যপদে নিয়োগ করা হবে। এই পদের জন্য লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হয়ে এবছর জানুয়ারি মাস নাগাদ ইন্টারভিউ নেওয়া হয়েছিল। তারপর শারীরিক সক্ষমতা সংক্রান্ত বিষয়ে আদালতে মামলা হয়। পরে হাই কোর্টের রায়ে সব প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় প্রাপ্ত নম্বর প্রকাশ করা হয়। অন্যদিকে, ও.বি.সি. সংরক্ষণ নিয়ে কিছু জটিলতা তৈরি হয়। তাই মামলার জন্য এখনো চূড়ান্ত ফল এরপর ৫ পাতায়

# IBPS পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে ১০ হাজার ক্লার্ক

## অনলাইনে দরখাস্ত করতে হবে ১ থেকে ২১ আগস্টের মধ্যে

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** সারা ভারতের বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস' অর্থাৎ, 'ক্লারিক্যাল ক্যাডারে' প্রায় ১০ হাজার জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS)'এর 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অফ কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস' (CRP CSA-XVI)' পরীক্ষার মাধ্যমে। আগে এই পদের নাম ছিল ক্লারিক্যাল ক্যাডার। এখন নাম বদলে হয়েছে 'কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটস (CSA)'. প্রথমে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন সর্বভারতীয় ভিত্তিতে 'অনলাইন পরীক্ষা' নেবে। পরীক্ষা হবে দু'টি ধাপে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা ও তাতে কোয়ালিফাই নম্বর পেলে মেন পরীক্ষা। 'মেন' পরীক্ষায় সফল হলে নাম অ্যালোকেশনের জন্য পাঠানো হবে। এই পদের বেলায় কোনো এরপর ২ পাতায়

### কলকাতার ১০২টি আইটি কোম্পানিতে

# ৩৯,৩২১ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

**পারমিতা মিত্র, সল্টলেক :** কলকাতার ১০২টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৮,০০৩ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ২১,৩১৮ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার। বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের এরপর ১০ পাতায়


MCG COLLEGE OF HEALTH SCIENCE
(AFFILIATED BY KALYANI UNIVERSITY)
Govt. of West Bengal
DIPLOMA IN
LIMITED SEATS
ADMISSION OPEN
2026-2027 SESSION
• Medical Lab Technology
• Medical Radiology Technology
• Operation Theatre Technology
• Critical Care Technology
• Physiotherapy Technology
• Community Medical Service & Essential Drugs
WHY CHOOSE US?
• Govt.-approved & University-affiliated
• Experienced faculty & modern labs
• Practical clinical exposure
• Career-ready training
JOB-ORIENTED COURSES
HANDS-ON TRAINING
AFFORDABLE FEES
Scholarship Available
Placement Assistance | Job Oriented Course | Seat Limited
STUDENTS CREDIT CARD FACILITY AVAILABLE
033-40838089
www.mcgeducare.com
F- 30, KALYANI STATION ROAD,
KALYANI MAIN, NADIA, WB. 741235


# ব্যাঙ্কে ৫৪৫ অফিসার

পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক 'লোকাল ব্যাঙ্ক অফিসার' পদে ৫৪৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২৬'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। এরপর ২ পাতায়


# রেলে ৪,০৯৮ জুনিয়র ইঞ্জিনিয়ার

## দরখাস্ত করবেন ১৪ আগস্ট থেকে ১৩ সেপ্টেম্বর

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে 'জুনিয়র ইঞ্জিনিয়ার', 'ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট', 'কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট' পদে ৪,০৯৮ জন ছেলেমেয়ে নেওয়া এরপর ৭ পাতায়

# এয়ারপোর্টস অথরিটিতে ১২৯ জুনিয়র এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া 'জুনিয়র এক্সিকিউটিভ (ফিনান্স / অপারেশন্স/ সার্ভে অ্যান্ড কার্টোগ্রাফি/ ল')' পদে ১২৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য : জুনিয়র এক্সিকিউটিভ (ফিনান্স) : ফিনান্স, কস্ট অ্যাকাউন্ট্যান্ট, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, চার্টার্ড ফিনান্সিয়াল এরপর ৬ পাতায়


অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন

LL.B (3yrs.) Direct Admission
LL.B (3yrs.) যে কোনো বয়সে
যোগ্যতা যে কোনো University-র Graduate/ মাস্টার ডিগ্রি (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%
LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)
AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়
ল' পয়েন্ট

১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে
9830132343 / 9836922534 / 6290760935


# পারমাণবিক শক্তি দফতরে ২০০ জন অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, কালপক্কম :** কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ২০০ জন লোক নিচ্ছে।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, টার্নার, মেশিনিস্ট, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), মেকানিক এরপর ২ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com


## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

BA/MA/B.Sc/M.Sc/BCA/LLB D.Pharm/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক ডিগ্রি করুন। Mob : 8479953999
SH

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

## স্কুল-কলেজ-শিক্ষা

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, প্যাথলজি (DMLT), X-Ray, ECG, EMT কোর্সে ভর্তি চলছে। CBMC-32, সূর্য সেন স্ট্রিট, কলি-9, M-7980637213
CM

B.Ed./D.EL.Ed./B.A./M.A./M.B.A /D.Pharm / LL.B / B.Tech/ I.T.I/ Ph.D/ 10th/12th পাশ একচান্সে। Back year available. M : 9332833022
SH

## কর্মখালি

**মেট্রো জব ভ্যাকান্সি**
East.-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16700–65900). থাকা, খাওয়া-সহ PF, মেডিকেল, বোনাস ও প্রমোশনের সুবিধা। 7797640316
SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## কর্মখালি

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
দমদম ও বাগডোগড়া এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন- (16500–62900)। থাকা ও খাওয়া ফ্রি। M : 7431933893
SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন স্থায়ী পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500–67700)। PF, ESI, মেডিকেল, বোনাস, প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা। M : 8371905718
SA(A)

## কর্মখালি

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-- 72,900/-, H.R.-7586834410
SA

**JOB VACANCY**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (17200–67500). M : 75010 36815
SA(A)

ড্রিঙ্কিং ওয়াটার ফ্যাক্টরি মার্কেটিং অভিজ্ঞ যুবক, বেতন : 22.5K (PF+ESI), হলদিয়া, মেদিনীপুর, 9232390631/ 9083276539
D

## কর্মখালি

**Airport জব ভ্যাকান্সি**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে কন্ট্রাক্টরের অধীনে Airport-এ স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP– স্নাতক ও উর্ধ্বে। বেতন : (16200–65700)। থাকা, খাওয়া ফ্রি। 8367814774
SA(A)

**WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে**
বিভিন্ন পোস্টে Male/Female নিজ নিজ জেলায় নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন : 19K–56K. এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 9475256825
SA

## কর্মখালি

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344
M

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে স্থায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18700–67700). PF, ESI, ছুটি, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। M : 7602100586
SA(A)


All disputes regarding sangsthaan and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এধরনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বে দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর কোনো অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান

## ব্যাঙ্কে ১০ হাজার ক্লার্ক ১ পাতার পর

ইন্টারভিউ নেই। 'মেন' পরীক্ষায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে ও নিয়োগ হবে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল / কলেজ / ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের সরকারি (অফিসিয়াল) ভাষা পড়তে / লিখতে ও বলতে পারা দরকার।

প্রাক্তন সমরকর্মীরা ওপরের ওই শিক্ষাগত যোগ্যতা না থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় আর্মি স্পেশাল সার্ভিস অফ এডুকেশন, নেভি বা, এয়ারফোর্সের করেসপন্ডিং সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও অন্তত ১৫ বছর চাকরি করে থাকতে হবে।

বয়স হতে হবে ১-৮-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আইনত আলাদা হয়ে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৪,০৫০-৬৪,৪৮০ টাকা। তপশিলীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে সেপ্টেম্বরে। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ তা মূল বিজ্ঞপ্তিতে পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন'। পরীক্ষা হবে অনলাইনে অক্টোবরে, কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন অনলাইন পরীক্ষা কেন্দ্রে। পরীক্ষায় প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ও হিন্দিতে।

অনলাইন প্রিলিমিনারি টেস্টে অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘণ্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। সময় ২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে নভেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা হবে ডিসেম্বরে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৫৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ২০ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৫০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৩০ মিনিট। (৪) রিজনিং এবিলিটি -৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। এরপর প্রভিশনালি অ্যালটমেন্ট পাবেন আগামী বছর মার্চ মাস নাগাদ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ আগস্ট থেকে ২১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের রঙিন ফটো ও নিজের সই (সিগনেচার) স্ক্যান করা থাকতে হবে (স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'এ জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে)। সিগনেচার স্ক্যান করবেন ১০-২০ কে.বি.'র মধ্যে আর ফটো স্ক্যান করবেন ২০-৫০ কে.বি.'র মধ্যে। (৩) লেফ্ট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করতে হবে, (৪) পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ১৭৫) টাকা লাগবে। টাকা অনলাইনে জমা দিতে পারবেন, ২১ আগস্টের মধ্যে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Click here to apply online for CRP Clerks (CRP-CSA-XVI) 'তে ক্লিক করে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## পারমাণবিক শক্তি দফতরে ১ পাতার পর

রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, প্লাম্বার, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইন্সট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, মেকানিক্যাল মেশিন টুল মেন্টেন্যান্স, প্রসেস প্ল্যান্ট অপারেটর, ফটোগ্রাফি, বুক বাইন্ডার, ম্যাসন / সিভিল মিস্ত্রি, হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট ও উড ওয়ার্ক টেকনিশিয়ান / কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৯-৮-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ১ বছরের আই.টি.আই. পাশদের বেলায় মাসে ১০,৫৬০ টাকা ও ২ বছরের আই.টি.আই. পাশদের বেলায় মাসে ১১,০৪০ টাকা। শূন্যপদ : ফিটার-৪৬টি (জেনাঃ ২০, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৫)। টার্নার-৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মেশিনিস্ট-১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ড্রাফটসম্যান (মেকানিক্যাল)-১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ৫, ও.বি.সি. ২)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)-১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৩)। মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং-৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। প্লাম্বার-২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কার্পেন্টার-৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ম্যাসন/সিভিল মিস্ত্রি -৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক-১৫টি, (জেনাঃ ৫, তঃজাঃ ৪, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। ইন্সট্রুমেন্ট মেকানিক-১৮টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। ইলেক্ট্রিশিয়ান-২২টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ১)। প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট-১৯টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। মেকানিক্যাল মেশিন টুলস মেন্টেন্যান্স-১টি (জেনাঃ)। প্রসেস প্ল্যান্ট অপারেটর-১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট-৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ফটোগ্রাফি ১টি (জেনাঃ)। বুক বাইন্ডার ১টি (জেনাঃ)। এই পদের বিজ্ঞপ্তি নং : IGCAR/03/2026.

প্রার্থী বাছাই হবে আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন হবে।

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ১৯ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, আধার কার্ড, আই.টি.আই. পাশের মার্কশীট ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ব্যাঙ্কে ৫৪৫ অফিসার ১ পাতার পর

শূন্যপদ : ৫৪৫টি। পশ্চিমবঙ্গ (বাংলা ভাষা) - ৮০ (জেনাঃ ২৮, ও.বি.সি.২৩, তঃজাঃ১২, তঃউঃজাঃ৭, ই.ডব্লু.এস.১০) এর মধ্যে অস্থি প্রতিবন্ধী ১, বধির প্রতিবন্ধী ১, আই.ডি. ১টি। অন্ধ্র প্রদেশ ৪টি, গুজরাট ৭৭টি, কর্ণাটক ৭৮টি, মহারাষ্ট্র ৬৭টি, তেলেঙ্গানা ৪১টি, তামিলনাড়ু ৫১টি, জম্মু ও কাশ্মীর ৯টি, লাদাখ ২টি, অরুণাচল প্রদেশ ৪টি, অসম ৮৫টি, মণিপুর ৬টি, মেঘালয় ৮টি, মিজোরাম ৫টি, নাগাল্যান্ড ৫টি, সিকিম ৫টি, ত্রিপুরা ১৮টি। চাকরি হবে জে.এম.জি.-I স্কেলে। পোস্ট কোড: 01.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে আগস্ট থেকে সেপ্টেম্বরের মধ্যে। এইসব কেন্দ্রে : কলকাতা, কল্যাণী, শিলিগুড়ি, হাওড়া, বর্ধমান, দুর্গাপুর, আসানসোল, আগরতলা, গ্যাংটক, শিলং। অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পেপারে ৩ ঘণ্টার ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (২) জেনারেল/ইকোনমি/ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৫০ মিনিট। (৩) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৪) ইংলিশ নলেজ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ২৫ মিনিট। (৫) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। প্রতিটি পেপারে ৩৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৩০%) নম্বর পেলে সফল হবেন। সফল হলে ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট হবে। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : https://pnb.bank.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফ্ট থাম্ব ইমপ্রেশন ও নিচের এই প্যারাগ্রাফটি হাতে লিখে স্ক্যান করে নেবেন। 'I ........ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'. এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৯) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ব্যাঙ্কে ৫০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, লখনৌ :** স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'কনসালট্যান্ট ক্রেডিট অ্যানালিস্ট' পদে ৫০ জন লোক নিচ্ছে। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা যোগ্য। সি.এ. ফাইনাল ২ বার অ্যাটেম্প্ট করলেও যোগ্য। বয়স হতে হবে ৩০-৬-২০২৬'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক বছরে ১২ লাখ টাকা। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২৩, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৬)। প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে হবে নয়া দিল্লি, চেন্নাই, আহমেদাবাদ, মুম্বই। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/2026-27, Date: 20-7-2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : https://icaiplacements.icai.org আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ২০ এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়ায় 'এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট' পদে ২০ জন লোক নেওয়া হচ্ছে। কমার্স শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। অন্তত ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2026. প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। দরখাস্ত করবেন অনলাইনে, ১২-আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.icwsi.edu আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## স্কিল এডুকেশন ও স্কিল ডেভেলপমেন্টের ওপর পিআইএমটির একদিনের কর্মসূচী

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** বাংলার স্বর্ণযুগের অন্যতম পথিকৃৎ ও বিজ্ঞানসাধক আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৫ তম জন্মবার্ষিকী ও কারিগরি শিক্ষায় রাজ্যের অন্যতম সেরা প্রতিষ্ঠান প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির 'প্রতিষ্ঠা দিবস' উপলক্ষে একটি অত্যন্ত বর্ণাঢ্য অনুষ্ঠান হবে রবিবার, ২ আগস্ট, শ্রীনাথ হল, ২১১ রাসবিহারী অ্যাভেনিউ, বালিগঞ্জ, কলকাতা - ৭০০০১৯-এ। অনুষ্ঠানের মূল উদ্যোক্তা পিআইএমটি-র ডিরেক্টর প্রফেসর প্রবীর কুমার দে জানালেন "দেশ তথা রাজ্যের অন্যতম উদ্যমী ব্যক্তি মনীষি আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়ের জন্মদিন প্রত্যেক বছর ভারত সেবাশ্রমের পক্ষে পালন করা হয়। আবার ওই দিনটি পিআইএমটি প্রতিষ্ঠা দিবসও। তাই বিশেষ ওই দিনটিকে স্মরণীয় রাখতে প্রত্যেক বছর 'বঙ্গীয় উদ্যমী দিবস' পালন করা হয়। সারা দিনের কর্মসূচী হিসাবে বিজ্ঞান, ব্যবসা, উদ্যোগ (এন্ট্রাপ্রিনিওরশিপ), এডুকেশন ও জাতি গঠনের ক্ষেত্রে কারিগরি শিক্ষার গুরুত্ব ইত্যাদি বিষয়ে বিখ্যাত ব্যক্তিরা বক্তব্য রাখবেন।" এছাড়াও, Enterepreneurship & Skill Development ও Value Education-এর ওপর আলাদাভাবে ইন্টারঅ্যাকটিভ সেশন থাকবে। এই অভিনব অনুষ্ঠানে অংশ নেওয়ার জন্য আজই নাম রেজিস্ট্রেশন করুন এই নম্বরে ফোন করে : 9331256934 / 9830216056.




## সেলসম্যান ও সেলস এক্সিকিউটিভ নিয়োগ

**নিজস্ব সংবাদদাতা, বাদুড়িয়া :** রাজ্যের অন্যতম সেরা সংস্থা আল আমিন ইন্ডাস্ট্রি প্রা. লি.-এ রাজ্যের প্রতিটি জেলা থেকে সেলসম্যান ও সেলস এক্সিকিউটিভ পদে বেশ কিছু প্রার্থী নেবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। সেলস / মার্কেটিং ক্ষেত্রে কাজের পূর্ব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। স্যালারি মাসিক ২৫,০০০/- টাকা। আগ্রহী প্রার্থীরা বায়োডাটা পাঠাতে আজই যোগাযোগ করুন: 6297849030.

## কেন্দ্রীয় সংস্থায় ৭ কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৫-'২৭ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়ার, ড্রাফটসম্যান মেকানিক্যাল, টার্নার ও ওয়েল্ডার। প্রথম ৬টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। এ কথা নিশ্চিতভাবে বলা যায়, এখান থেকে ট্রেনিং নিলে চাকরি হবেই। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বান্টিকুরি, হাওড়া। ফোন- 8910394968, 8134994989, 8777828421. ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/Howrah.

## ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

## সার ও কীটনাশকের লাইসেন্সের জন্য অত্যাবশ্যকীয় ও কর্মমুখী ১ বছরের অ্যাগ্রিকালচারের ডিপ্লোমা কোর্সে সীমিত আসনে ভর্তি

মাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

**নিজস্ব সংবাদদাতা :** সারের বা কীটনাশকের দোকান আছে? বা খুলবেন বলে ভাবছেন? লাইসেন্স পেতে গেলে বা, কন্টিনিউ করতে হলে সরকারি নিয়মে বাধ্যতামূলক হয়ে গেছে, ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্স করা কোনো সরকারি ইউনিভার্সিটির সার্টিফিকেট-সহ। অনেকেই ভাবছেন কী কোর্স করলে চাকরি পাবো? পশ্চিমবঙ্গের বাইরে যেতে হবে কী কোর্সে ভর্তি হতে? সব সমস্যার সমাধান নিয়ে এই বছরে সীমিত আসনে ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে ভর্তি শুরু হয়ে গেছে। কলেজে রয়েছে ১৫ বছরের বিশ্বস্ততা, বাংলার প্রতিটি জেলার হাজার-হাজার সফল ছাত্রছাত্রীদের বিশ্বাস, শ্রেষ্ঠ অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, নিজস্ব ফার্ম ইন্ডাস্ট্রিতে লাইভ ট্রেনিং, অত্যাধুনিক ল্যাব এবং ফ্রী স্পোকেন ইংলিশ ও সফট স্কিল ক্লাস এবং লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা-সহ সর্বোচ্চ স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট এবং শিক্ষান্তে চাকরির সুযোগ। তাই আর দেরি না করে এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানাতে : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, গোবিন্দপুর, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. Website : www.gurukuledutechcollege.com

# কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করলেই চাকরি সুনিশ্চিত

**Admission Notice 2026-27**

(ESTD- 1992)

# School of Medical Technology

## Allied Health care Courses (Paramedical)

9231520480 , 9874760012 ☎ 033 22272310 | www.ssmtskill.com | ssmtoffice@gmail.com

### Affiliated to University of Kalyani

- Diploma in Medical Laboratory Technique (DMLT)
- Diploma in Physiotherapy Technique (DPT)
- Diploma in Operation Theatre Technology (DOTT)
- Diploma in Optometry (D.OPT)

■ Duration- Two years + 6 months post certification internship

■ Qualification : Higher Secondary Pass

Scholarship facility available.

Students credit card facility available.

Job Assistance for every student on successful completion.

Certificate course : 1. Phlebotomy 2. GDA

Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

**College Campus- A 11/39 Kalyani . Opposite A.11 Market .**
**Nearest Railway Station - Kalyani Main**
**Bus Stop - JIS more Dist - Nadia**

### B.Voc under Vidyasagar University

Affiliated College- Mahishadal Raj College
Training Provider of Mahishadal Raj college in allied health -School of Medical Technology

- B.Voc in Medical laboratory Technology (B.Voc MLT)
- B.Voc in Health Care

■ Duration- 3 years + 6 months internship

■ Qualification : Higher Secondary Pass


Job Assistance for every student on successful completion.

MoU with NABH Hospitals
MoU with NABL Diagonestic centre and Laboratory

**College Campus- 24 Girish Chandra Bose Road**
**Kolkata -700014, Nearest Rly Station- Sealdah**
**Bus Stop- Entally Market- Moulali**

# ব্যাঙ্কের পরীক্ষার সবচেয়ে স্কোরিং সেকশন ইকনমিক বিভাগের ঠিকঠাক প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ

*আই.বি.পি.এস'এর মাধ্যমে সারা দেশ জুড়ে সব রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ও স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় প্রবেশনারি অফিসার পদের প্রিলিমিনারি পরীক্ষা, আর মাত্র কয়েক মাস পর। ব্যাঙ্কে চাকরির এই অত্যন্ত গুরুত্বপূর্ণ দুই পরীক্ষায় সবচেয়ে স্কোরিং সেকশন হল ইকনমিক বা জেনারেল অ্যাওয়ারনেস বিভাগ। অথচ এই বিভাগেই সেভাবে কোনো সিলেবাস নেই। তাই এই বিভাগে প্রস্তুতি নিতে সবচেয়ে অসুবিধায় পড়তে হয়। তাই এই অল্প সময়ের মধ্যে এই কঠিন পরীক্ষার ইকনমিক / জেনারেল অ্যাওয়ারনেস সেকশনে ঠিক কী ধরনের কৌশল নিলে নিশ্চিতভাবে সাফল্য পাবেন তা নিয়ে খুঁটিনাটি আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

**ইকোনমি ও ব্যাঙ্কিংয়ের সিলেবাস**

এই অংশের সিলেবাসকে মূলত তিনটি প্রধান ভাগে ভাগ করা যায়:

**১. ফাইন্যান্সিয়াল ও ব্যাঙ্কিং সচেতনতা (Financial and Banking Awareness) :** ব্যাঙ্কিংয়ের ইতিহাস : ভারতের ব্যাঙ্কিং ব্যবস্থার ক্রমবিকাশ। আরবিআই ও এর কার্যাবলী : ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গঠন, কার্যাবলী, মুদ্রানীতি বা মনিটারি পলিসি (রেপো রেট, রিভার্স রেপো রেট, সিআরআর, এসএলআর ইত্যাদি)। ব্যাঙ্কিং পরিভাষা : লিকুইডিটি, ইনফ্লেশন (মূল্যস্ফীতি), ডিফল্টার, এনপিএ (নন-পারফর্মিং অ্যাসেটস) ও বিভিন্ন ধরনের অ্যাকাউন্ট। আর্থিক প্রতিষ্ঠান : নাবার্ড (NABARD), সেবি (SEBI), আইএমএফ (IMF), বিশ্বব্যাঙ্ক (World Bank)-এর মতো জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার ভূমিকা। নেগোশিয়েবল ইন্সট্রুমেন্টস : চেক, ড্রাফট, বিল অফ এক্সচেঞ্জ ও এর প্রকারভেদ।

**২. অর্থনীতি বা ইকোনমি (Economics) :** মৌলিক ধারণা : সামষ্টিক অর্থনীতি (Macroeconomics) যেমন - জিডিপি (GDP), জিএনপি (GNP), জাতীয় আয় ও বাজেট। সরকারি প্রকল্প : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন আর্থিক ও সামাজিক প্রকল্প (যেমন - প্রধানমন্ত্রী জন ধন যোজনা, সুকন্যা সমৃদ্ধি যোজনা ইত্যাদি)। আর্থিক বাজার: মানি মার্কেট ও ক্যাপিটাল মার্কেট, শেয়ার বাজার ও মিউচুয়াল ফান্ড। নীতি: ভারতের শিল্পনীতি, বৈদেশিক বাণিজ্য ও কর ব্যবস্থা।

**৩. কারেন্ট অ্যাফেয়ার্স (Current Affairs) :** গত ৫ থেকে ৬ মাসের ব্যাঙ্কিং, অর্থ ও বাণিজ্য সংক্রান্ত সাম্প্রতিক খবরাখবর। বিভিন্ন অর্থনৈতিক সমীক্ষা (Economic Survey) ও কেন্দ্রীয় বাজেট (Union Budget)।

ব্যাঙ্কিং ও ইকোনমি সেকশনে ভালো স্কোর করার জন্য মৌলিক শব্দ বা টার্মগুলির ধারণা স্পষ্ট থাকা অত্যন্ত জরুরি। SBI PO ও IBPS PO পরীক্ষার জন্য সবথেকে গুরুত্বপূর্ণ ১৫টি বেসিক ইকোনমি টার্ম অত্যন্ত সহজ ভাষায় ব্যাখ্যা করা হল :

**১. মনিটারি পলিসি রেট (Monetary Policy Rates)**

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (RBI) দেশের বাজারে টাকার জোগান ও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করতে কিছু নির্দিষ্ট হারের পরিবর্তন করে। এগুলিকে পলিসি রেট বলে।

**রেপো রেট (Repo Rate) :** দেশের বাণিজ্যিক ব্যাঙ্কগুলির (যেমন - SBI, PNB) যখন হঠাৎ কিছুদিনের জন্য টাকার প্রয়োজন হয়, তখন তারা RBI-এর কাছ থেকে যে সুদের হারে ঋণ নেয়, তাকে রেপো রেট বলে।

**রিভার্স রেপো রেট (Reverse Repo Rate) :** বাণিজ্যিক ব্যাঙ্কগুলির কাছে অতিরিক্ত টাকা থাকলে তারা তা RBI-এর কাছে জমা রাখে। এর বিনিময়ে RBI ব্যাঙ্কগুলিকে যে হারে সুদ দেয়, তাকে রিভার্স রেপো রেট বলে।

**সিআরআর (Cash Reserve Ratio - CRR) :** দেশের প্রতিটি বাণিজ্যিক ব্যাঙ্ককে তাদের মোট আমানতের (NDTL) একটি নির্দিষ্ট অংশ নগদ টাকা (Cash) হিসাবে RBI-এর কাছে জমা রাখতে হয়। এর ওপর ব্যাঙ্ক কোনো সুদ পায় না।

**এসএলআর (Statutory Liquidity Ratio - SLR) :** ব্যাঙ্কগুলিকে তাদের মোট আমানতের একটি নির্দিষ্ট অংশ নিজেদের কাছেই ক্যাশ, সোনা (Gold) বা সরকারি বন্ড হিসাবে সবসময় গচ্ছিত রাখতে হয়।

**২. অর্থনৈতিক প্রবৃদ্ধি ও জাতীয় আয় (Growth & National Income):**

**জিডিপি (Gross Domestic Product - GDP) :** একটি নির্দিষ্ট আর্থিক বছরে একটি দেশের ভৌগোলিক সীমানার ভিতরে উৎপাদিত মোট চূড়ান্ত পণ্য ও সেবামূল্যের সমষ্টিকে জিডিপি বলে। সহজ কথায়, দেশের ভিতরে মোট কত টাকার ব্যবসা বা উৎপাদন হল, এটি তার হিসাব।

**মূল্যস্ফীতি (Inflation):** বাজারে যখন পণ্য ও সেবার দাম ক্রমাগত বাড়তে থাকে ও সাধারণ মানুষের টাকা কেনার ক্ষমতা (Purchasing Power) কমে যায়, তাকে মূল্যস্ফীতি বা ইনফ্লেশন বলে। সাধারণ ভাষায় একেই আমরা 'বাজার আগুন' বা 'মহার্ঘতা' বলি।

**৩. ব্যাঙ্কিং খাতের সংকট ও ঝুঁকি (Banking Risks & Stress):**

**এনপিএ (Non-Performing Assets - NPA) :** কোনো গ্রাহক বা সংস্থা ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার পর যদি টানা ৯০ দিন বা তার বেশি সময় ধরে ঋণের আসল (Principal) বা সুদ (Interest) কোনোটিই ফেরত না দেয়, তবে সেই ঋণকে ব্যাঙ্কের ভাষায় NPA বা 'অনাদায়ী ঋণ' বলা হয়।

**ব্যাড ব্যাঙ্ক (Bad Bank) :** এটি এমন একটি বিশেষ আর্থিক প্রতিষ্ঠান, যা বাণিজ্যিক ব্যাঙ্কগুলির ঘাড় থেকে সব এনপিএ (NPA) বা মন্দ ঋণ কিনে নেয়। এর ফলে সাধারণ ব্যাঙ্কগুলি আবার নতুন করে ঋণ দেওয়ার সুযোগ পায়।

**ক্যাপিটাল অ্যাডিকুয়েসি রেশিও (Capital Adequacy Ratio - CAR) :** ব্যাঙ্ক যাতে হঠাৎ দেউলিয়া হয়ে না যায়, সেজন্য ঋণের ঝুঁকির বিপরীতে ব্যাঙ্ককে নিজের মূলধনের একটি নির্দিষ্ট অনুপাত ধরে রাখতে হয়। একেই CAR বলে। এটি ব্যাঙ্কের আর্থিক সুরক্ষাকবচ।

**৪. সরকারি অর্থব্যবস্থা ও বাজেট (Public Finance) :**

**আর্থিক ঘাটতি (Fiscal Deficit) :** একটি নির্দিষ্ট বছরে সরকারের মোট আয় বা রাজস্বের তুলনায় যখন সরকারের মোট খরচের পরিমাণ বেশি হয়ে যায়, তখন সেই ব্যবধান বা ঘাটতিকে ফিসকাল ডেফিসিট বলে। এই ঘাটতি মেটাতে সরকারকে ঋণ নিতে হয়।

**বিনিয়োগ প্রত্যাহার (Disinvestment) :** সরকার যখন তার মালিকানাধীন কোনো পাবলিক সেক্টর কোম্পানি বা সরকারি সংস্থার (যেমন - LIC বা Air India-র অংশবিশেষ) শেয়ার বেসরকারি কোনো প্রতিষ্ঠানের কাছে বিক্রি করে টাকা তোলে, তখন তাকে ডিসইনভেস্টমেন্ট বলে।

**৫. আর্থিক বাজার ও লেনদেন (Financial Markets & Transactions) :**

**মানি মার্কেট ও ক্যাপিটাল মার্কেট (Money vs Capital Market) :** খুব কম সময়ের জন্য (১ দিন থেকে ১ বছর পর্যন্ত) যেখানে আর্থিক লেনদেন বা ধার দেওয়া-নেওয়া হয়, তা হল মানি মার্কেট (এটি পরিচালনা করে RBI)। আর দীর্ঘমেয়াদী বিনিয়োগ বা শেয়ার কেনাবেচার বাজার হলো ক্যাপিটাল মার্কেট (এটি পরিচালনা করে SEBI)।

**তারল্য বা লিকুইডিটি (Liquidity) :** কোনো একটি সম্পদকে কত দ্রুত ও সহজে বাজারে কোনো লোকসান ছাড়া নগদ টাকায় (Cash) রূপান্তর করা যায়, সেই ক্ষমতাকে লিকুইডিটি বলে। অর্থনীতিতে নগদ টাকাই হল সবথেকে লিকুইড বা তরল সম্পদ।

**বন্ড (Bond) :** সরকার বা বড় কোনো কোম্পানি যখন বাজার থেকে ঋণ নিতে চায়, তখন তারা বিনিয়োগকারীদের এক টুকরো কাগজ বা সার্টিফিকেট দেয়। এতে লেখা থাকে যে নির্দিষ্ট সময় পর সুদে-আসলে টাকা ফেরত দেওয়া হবে। এই ঋণপত্রকেই বন্ড বলে।

**ফাইন্যান্সিয়াল ইনক্লুশন (Financial Inclusion) :** দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ও পিছিয়ে পড়া সব মানুষকে ব্যাঙ্কিং ও অন্যান্য সাশ্রয়ী আর্থিক পরিষেবার আওতায় নিয়ে আসার প্রক্রিয়াকে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন বা আর্থিক অন্তর্ভুক্তি বলে (যেমন - জন ধন যোজনা)।

নিয়মিত পড়াশোনা ও রিভিশনের মাধ্যমে আপনি এই বিষয়ে খুব সহজেই পূর্ণাঙ্গ প্রস্তুতি নিতে পারবেন ও পরীক্ষায় ভালো স্কোর করতে পারবেন।

ব্যাঙ্ক, রেল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে ; 6292190230.

## রাজ্যের ১১৩টি কোম্পানিতে

# ৩৮,৪৩২ পদে চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা


সৈকত হালদার, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৫০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৬৩টি কোম্পানি মিলিয়ে মোট ১১৩টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৩৮,৪৩২ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৯ মাসে চাকরি হয়েছে প্রায় ৩,৩৩৮ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

> **পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, Talent Acquisition (HR) পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়ে— প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো-ভালো মাইনের (পে-প্যাকেজ) চাকরি চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের 'স্পেশাল প্রফেশনাল ট্রেনিং' — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ দিকগুলি যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনসেশন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ, এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপটেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে এই স্কলারশিপ শুধুমাত্র এই ট্রেনিংয়ের জন্য ভর্তি হওয়া প্রথম ৫ জনের জন্যই প্রযোজ্য। আর মনে রাখতে হবে, রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

# মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম কীভাবে



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনঃপুত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে কর্মসংস্থান কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে কর্মসংস্থান থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখনকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুট' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

## পুলিশে কনস্টেবল পদে ৩৫ হাজার শূন্যপদ পূরণ

১ পাতার পর

বেরোয়নি। সরকারপক্ষ মনে করছে, খুব শিগগিরই আইনি জট কেটে যাবে ও নিয়োগের কাজ শুরু হবে। আশা করা যায়, এবার পুজোর আগেই ওইসব প্রার্থীদের নিয়োগ করা হবে।

অন্যদিকে, পুজোর আগেই রাজ্য পুলিশে কনস্টেবল পদে প্রায় ২০ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা রয়েছে। পরীক্ষা পদ্ধতির কিছুটা বদল হচ্ছে। ইন্টারভিউয়ের নম্বর ১৫ থেকে কমিয়ে ৫ নম্বর করা হচ্ছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা (PMT), শারীরিক সক্ষমতার পরীক্ষা (PET) ও ইন্টারভিউ। এতদিন এই পদে ৮৫ নম্বরের লিখিত পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হত এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি-১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের)-২৫ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস-২৫ নম্বর। সময় থাকত ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং ছিল। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হত। প্রশ্ন হত বাংলা ও নেপালী ভাষায়। নতুন পরীক্ষা পদ্ধতিতে বিষয় এক থাকলেও নম্বর বিভাজন বদল হবে। অন্যদিকে ইন্টারভিউয়ের নম্বর কমে ৫ হচ্ছে।

## উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান বিভাগ ছিল না? কুছ পরোয়া নেই

# মেডিকেল টেকনোলজিস্ট ও হসপিটাল ম্যানেজমেন্ট-এ গড়ুন আপনার নিশ্চিত ভবিষ্যৎ!

**B.Voc ডিগ্রি কী**

B.Voc (ব্যাচেলর অফ ভোকেশন) কোর্স হল একটি ৩ বছরের স্নাতক ডিগ্রি প্রোগ্রাম যা প্র্যাকটিক্যাল স্কিল ও ইন্ডাস্ট্রিতে প্রস্তুত প্রশিক্ষণে মনোযোগ দেয়। প্রচলিত ডিগ্রির মতো নয়, এই পাঠ্যক্রমে ৬০% প্র্যাকটিক্যাল কাজ (ইন্টার্নশিপ ও ল্যাব) এবং ৪০% থিওরি (সাধারণ শিক্ষা) রয়েছে।

**মূল বৈশিষ্ট্য ও কাঠামো**

• **যোগ্যতা :** যেকোনো স্ট্রিম থেকে ক্লাস (১০ + ২) শেষ করা শিক্ষার্থী বা আইটিআই / পলিটেকনিক ডিপ্লোমা ধারকের জন্য খোলা। জনপ্রিয় ক্ষেত্রসমূহ : বিশেষায়নগুলোর মধ্যে আছে ইনফরমেশন টেকনোলজি, রিটেইল ম্যানেজমেন্ট, হেলথকেয়ার, হসপিটালিটি ও ট্যুরিজম ও ডিজিটাল মার্কেটিং। বহু পর্যায়ে স্নাতক :

• ১ বছরে ডিপ্লোমা, ২ বছরে অ্যাডভান্সড ডিপ্লোমা, অথবা ৩ বছরে সম্পূর্ণ B.Voc ডিগ্রি অর্জন করা যায়।

**বিশ্ববিদ্যালয় অনুদান কমিশন (ইউজিসি)**

আনুষ্ঠানিকভাবে বি.বি. ভোক ডিগ্রিটিকে অন্য কোনো ব্যাচেলর ডিগ্রির (যেমন বি.এসসি. বা বি.এ) সমতুল্য হিসাবে স্বীকৃতি দিয়েছে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের নিয়োগের জন্য। যেহেতু বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, তাই এর সার্টিফিকেটগুলির আইনি মান প্রচলিত ডিগ্রির মতোই।

• **রাজ্য সরকারের চাকরির সুযোগ :** পশ্চিমবঙ্গ স্বাস্থ্য নিয়োগ বোর্ড (WBHRB) ল্যাবরেটরি টেকনিশিয়ান, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট বা স্বাস্থ্যসেবা ম্যানেজারের জন্য নোটিফিকেশন।

• **সাধারণ স্নাতক পরীক্ষাসমূহ :** অসামরিক কর্মকর্তা পদসমূহের জন্য যোগ্যতা প্রযোজ্য, যেমন কেন্দ্র/রাজ্য পাবলিক সার্ভিস কমিশন (UPSC বা WBPSC-এর মতো) এবং স্টাফ সিলেকশন কমিশন (SSC)।

• **কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্যসেবা সংক্রান্ত পদসমূহ :** কেন্দ্রীভূত হাসপাতালের শূন্যপদ, যেমন AIIMS (CRR পরীক্ষার মাধ্যমে), রেলওয়ে নিয়োগ বোর্ড (RRB) ও ESI কর্পোরেশন হাসপাতাল।

**বি.ভোক শিক্ষার্থীরা কি এনসিএএইচপি (ন্যাশনাল কমিশন ফর অ্যালায়েড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস) এনরোলমেন্ট পোর্টালে ভর্তি হতে পারে?**

**কেন B.Sc. MLT / BMLS PCB শিক্ষার্থীদের জন্য নিরাপদ লাইসেন্স পেতে নিশ্চয়তা :** NCAHP প্রফেশনাল লাইসেন্সিং-এর জন্য 10 + 2 PCB কে মাপকাঠি হিসাবে নির্ধারণ করেছে। স্ট্যান্ডার্ড B.Sc. MLT পুরোপুরি এই নিয়ম মেনে চলে। B.Voc প্রোগ্রামে বিজ্ঞানবিরহীত শিক্ষার্থীরা প্রবেশ করতে পারে, যা কাউন্সিলের যোগ্যতা যাচাই প্রক্রিয়ায় লাইসেন্সিং জটিলতা তৈরি করে। ন্যাশনাল রেজিস্ট্রেশন : স্টেট এলায়েড হেলথ কাউন্সিলগুলো স্ট্যান্ডার্ড B.Sc. গ্র্যাজুয়েটদের সহজেই নিবন্ধন করে কারণ কারিকুলামে ইতিমধ্যেই বাধ্যতামূলক ১বছরের ক্লিনিকাল রোটেশন থাকে। B.Voc প্রোগ্রামে প্রায়শই কঠোর প্রাতিষ্ঠানিক অডিট প্রয়োজন হয় যাতে প্রমাণ করা যায় তাদের প্র্যাকটিক্যাল ক্রেডিট হাসপাতালের ট্রেনিং স্ট্যান্ডার্ডের সঙ্গে মিলে।

**যোগাযোগ ও ভর্তির জন্য আজই যোগাযোগ করুন**

• **স্কিল ট্রেনিং প্রোভাইডার :** School of Medical Technology, ২৪, গিরিশ চন্দ্র বোস রোড, কলকাতা- ৭০০০১৪।

• **ফোন নম্বর :** 9231520480

• **ওয়েবসাইট :** www.ssmtskill.com

## অগ্নিবীরদের জন্য আধা সামরিকবাহিনীতে ৫০% শূন্যপদ সংরক্ষিত

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী যেমন বি.এস.এফ., সি.আর.পি.এফ., এস.এস.বি., সি.আই.এস.এফ., আই.টি.বি.পি., এস.এস.বি. ও অসম রাইফেলসে চাকরিতে অগ্নিবীরদের জন্য ৫০% শূন্যপদ সংরক্ষণ করা হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র রাষ্ট্রমন্ত্রী নিত্যানন্দ রাই জানান, অগ্নিবীরদের জন্য আধাসামরিক বাহিনীতে ৫০ শতাংশ শূন্যপদ সংরক্ষিত থাকবে। এছাড়াও তাঁদের কোনো লিখিত পরীক্ষা ও শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে না। এছাড়াও অগ্নিবীররা ৩ বছর বয়সে ছাড় পাবেন। তবে প্রথম ব্যাচের অগ্নিবীররা অতিরিক্ত ৫ বছর বয়সে ছাড় পাবেন।


তুলসীর সরকারি চাকরির সেরা বই

• TULSHIR POLICE HANDBOOK & PRACTICE SET
• TULSHIR ICDS PRACTICE SET
• WBJEE ANM (R) & GNM
• TULSHIR PRIMARY TET HANDBOOK
• TULSHIR PRIMARY TET PRACTICE SET
• TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK [Sci & Arts]
• TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET [Arts]
• তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ)

Tulshi Publishing
9903210844 / 8100480354

আলামিন ইন্ডাস্ট্রি
বাদুড়িয়া, উঃ ২৪ পরগনা

পদ : সেলসম্যান / সেলস এক্সিকিউটিভ (রাজ্যের সব জেলায়); যোগ্যতা : গ্র্যাজুয়েশন + পূর্ব অভিজ্ঞতা + পরিশ্রমী + সেলস-এর কাজে আগ্রহী। বেতন প্যাকেজ: ₹ 25,000/- আগ্রহী ছেলেমেয়েরা বায়োডাটা তাড়াতাড়ি পাঠান।


M: +91 6297849030

Strong Combined Course (SCC)

রাজ্য সরকারের চাকরির বিজ্ঞপ্তি অনিশ্চিত, তাই ভরসা এখন কেন্দ্রীয় সরকারি চাকরি। আর কেন্দ্রীয় সরকারের সেরা সেরা চাকরির সেরা প্রস্তুতির একমাত্র পন্থা হল এই SCC কোর্সটি। রাজ্যের ছেলেমেয়েদের আশাহত হওয়ার কোন কারণ নেই। সেরা প্রস্তুতি নিলে কেন্দ্রীয় সরকারি চাকরিও করায়ত্ত করা সম্ভব। তাই রাজ্যের বিজ্ঞপ্তির আশায় বসে না থেকে, সেরা চাকরির সেরা প্রস্তুতি শুরু হোক আজ থেকেই (SSC-CGL, CHSL, MTS, GD Constable, Rail, Bank, etc.)।

CACES EDUCATION, Sealdah, Kol-9
9062756906, 9123325910

বিঃদ্রঃ আসন্ন WBP ও KP নিয়োগ পরীক্ষার প্রস্তুতিতে বিশেষ কোর্সে (CSPC) ভর্তি চলছে




শীঘ্র পেতে যোগাযোগ করুন

হেল্পলাইন
6291684943

## এয়ারপোর্টস অথরিটিতে

১ পাতার পর

অ্যানালিস্ট স্পেশালাইজেশন হিসাবে ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ কিংবা এম.বি.এ. (ফিনান্স) কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৩৬টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৬)। পোস্ট কোড : 12.

জুনিয়র এক্সিকিউটিভ (ল') : আইনের ডিগ্রি কোর্স পাশরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৫, তঃজাঃ ১)। পোস্ট কোড : 13.

জুনিয়র এক্সিকিউটিভ (অপারেশন্স) : সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা ২ বছরের এম.বি.এ. কোর্স পাশ হলে যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৭৯টি (জেনাঃ ৩৫, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৭, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫)। পোস্ট কোড : 14.

জুনিয়র এক্সিকিউটিভ (সার্ভে অ্যান্ড কার্টোগ্রাফি) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট, ভূগোল বা, রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সিস্টেম, জিওইনফর্মেটিক্স বা, জিওমেটিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। পোস্ট কোড : 15.

সব পদের বেলায়ই বয়স হতে হবে ৭-৯-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। এই পদের বিজ্ঞপ্তি নং : 12/2026/CHQ/DR-CBT.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। নেগেটিভ মার্কিং নেই। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.aai.aero / www.aai-aero

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন ও হ্যান্ড রিটেন ডিক্লারেশন জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। হ্যান্ড রিটেন ডিক্লারেশনটি হল 'I.......... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as an when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে ফটো আর সিগনেচার ও ফী ডিটেলস আপলোড করতে পারবেন। সবশেষে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। প্রতিটি পদের জন্য আলাদা ফী দিয়ে দরখাস্ত করতে পারবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## চাকরির আরো খবরাখবর

## কেন্দ্রীয় সংস্থায় ১০২ এক্সিকিউটিভ ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারি সংস্থা, এন.এম.ডি.সি. লিমিটেড 'এক্সিকিউটিভ ট্রেনি' পদে ১০২ জন লোক নিচ্ছে। নেওয়া হবে : সেরামিক্স, কেমিক্যাল, সিভিল, কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ফিনান্স, হিউম্যান রিসোর্স, ইন্সট্রুমেন্টেশন, মেকানিক্যাল, মেটালার্জি। কারা কোন পদের জন্য যোগ্য:

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২২টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সেরামিক ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সেরামিক' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কেমিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৪টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ কিংবা এম.সি.এ. কোর্স পাশরা 'কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং, কম্পিউটার ম্যানেজমেন্ট, সিস্টেম ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৪টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি, কস্ট অ্যাকাউন্ট্যান্সি বা, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট হলে 'ফিনান্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৭টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা সোশিওলজি, সোশ্যাল ওয়ার্ক, লেবার ওয়েলফেয়ার, পার্সোনেল ম্যানেজমেন্ট, আই.আর., আই.আর.পি.এম., এইচ.আর, এইচ.আর.এম. বা, এম.বি.এ. কোর্স পাশ হলে 'হিউম্যান রিসোর্স' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইন্সট্রুমেন্টেশন' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৫১টি।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মেটালার্জি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৩টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১১-৮-২০২৬'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/2026, Date: 22/07/2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের এম.সি.কিউ. টাইপের। সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nmdc.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## ডাকবিভাগে এজেন্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় ডাক বিভাগের ইস্ট কলকাতা ডিভিশন ডাক জীবন বিমা ও গ্রামীণ ডাক জীবন বিমার পলিসি বিক্রির জন্য এজেন্ট নিয়োগ করছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ৫০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। কমিশন ভিত্তিক কাজ।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ২৯ জুলাই। বেলা ১২টা থেকে ৪টার মধ্যে। তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ডের মূল প্রমাণপত্র ও জেরক্স কপি আর ৫ কপি পাশপোর্ট মাপের ফটো। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : ভারতীয় ডাক বিভাগ, অফিস অফ দ্য ডিরেক্টর, কলকাতা জি.পি.ও, কলকাতা -৭০০ ০০১।

## এন.সি.সি. পাশদের জন্য

## সেনাবাহিনীতে চাকরি

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ভারতীয় সেনাবাহিনী এন.সি.সি. পাশ করা প্রার্থীদের মধ্যে থেকে শর্ট সার্ভিস কমিশনে 'এন.সি.সি. স্পেশাল এন্ট্রি স্কিম'-এ ১২৫তম কোর্সে ৭০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। এন.সি.সি.'র সিনিয়র ডিভিশনে অন্তত ২ বছর থাকার পর 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড থাকা দরকার। বয়স হতে হবে ১-১-২০২৭'এর হিসাবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর ওজন বয়সের সঙ্গে সুসামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮ আর মায়োপিয়া '–3.50'-র কম। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে, আগামী বছর অক্টোবরে। তখন স্টাইপেন্ড পাবেন। ক্যাডেট ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে শর্ট সার্ভিস কমিশনে চাকরি। তখন ৬ মাস প্রবেশনে থাকতে হবে। মোট ১০ বছরের চাকরি। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৭০টি। এর মধ্যে যুদ্ধে আহত পরিবারের ছেলেদের জন্য যথারীতি সীট সংরক্ষিত।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষা, গ্রুপ টেস্ট, ইন্টারভিউ ও সাইকোলজিক্যাল টেস্টের 'ই-কল লেটার' পাঠানো হবে। ৫ দিনের পরীক্ষা হবে এলাহবাদ, ভোপাল, বেঙ্গালুরু, কাপুরথালায়। সফল হলে ডাক্তারি পরীক্ষা। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাড়ে ১০ মিনিটে ২.৪ কিমি দৌড়, ৩০ বার পুশ আপ, ৪০ বার পুল আপ, ৬ বার সিট আপ। এছাড়াও স্কোয়াটস, লাংস, সুইমিং টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in প্রার্থী বাছাই পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন : (১) এখনকার তোলা গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (২) ডিগ্রি কোর্স পাশের মার্কশীটের প্রত্যয়িত নকল, (৩) এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) মাধ্যমিক পাশের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এইমসে নার্সিং অফিসার হওয়ার এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসের নয়া দিল্লি-সহ সারা ভারতের বিভিন্ন এইমসে 'নার্সিং অফিসার' পদে নিয়োগের জন্য 'নার্সিং অফিসার রিক্রুটমেন্ট কমন এলিজিবিলিটি টেস্ট (NORCET)-11' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। নার্সিংয়ের বি.এসসি. (অনার্স) / বি.এসসি. নার্সিং / বি.এসসি. (পোস্ট সার্টিফিকেট) / পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরা আবেদন করতে পারেন। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স ও মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে।

জেনারেল নার্সিং মিডওয়াইফারি ডিপ্লোমা কোর্স পাশরা রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে আর অন্তত ৫০ শয্যার হাসপাতালে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৩-৮-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ২,২১৮টি। এর মধ্যে এইমস বাতিন্ডায় ৪৭টি, এইমস অবন্তিপুরা ৭৫টি, এইমস ভুবনেশ্বর ১৯৭টি, এইমস দেওঘর ২২৩টি, এইমস গোরক্ষপুর ৬১টি, এইমস গুয়াহাটি ১৮৮টি, এইমস কল্যাণী ৫৩টি, এইমস মঙ্গলাগিরি ৩২টি, এইমস নাগপুর ৪৮টি, এইমস রায়বেরেলি ৮১টি, এইমস নিউ দিল্লি ১২১টি, এইমস পটনা ২০১টি, এইমস ঋষিকেশ ৩৮টি, এইমস রাইপুর ৬০টি, এইমস বিজয়পুর, জম্মু-২৯টি, এন.আই.টি.আর.ডি. ৭টি, সি.আই.পি, রাঁচী ৪টি, জিপমার পুদুচেরি ৩১টি, ই.এস.আই.সি., নয়া দিল্লি ৫২৩টি, এইমস, ভোপাল১২টি, এইমস, বিলাসপুর ৮৯, এইমস রেওয়ারি ১০, সি.এ.পি.এফ.আই.এম.এস. ময়দানগরি ৬, এস.জে.এইচ., হসপিটাল ৫টি, ড. আর.এম.এল., হসপিটাল ৩১, আর.এইচ.পি.টি., নাজাফগড় ৩৬, কে.এস.সি.এইচ. হসপিটাল ২। এই পদের বিজ্ঞপ্তি নং : 103/2026, Date: 24.07.2026.

প্রার্থী বাছাই করবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস, নয়া দিল্লি। 'Nursing Officer Recruitment Common Eligibility Test (NORCET)-11' এর মাধ্যমে। এজন্য প্রথমে কম্পিউটার বেসড প্রিলিমিনারি টেস্ট হবে ১২ সেপ্টেম্বর। ১০০ নম্বরের ১০০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ অ্যান্ড অ্যাপ্টিটিউড- ২০টি, নার্সিং সংক্রান্ত ৮০টি। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রিলি পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে কম্পিউটার বেসড মেনস পরীক্ষা হবে ৩০ সেপ্টেম্বর। এই পরীক্ষায় ১৬০ নম্বরের ১৬০টি এম.সি.কিউ. টাইপের প্রশ্ন হবে নার্সিং সংক্রান্ত সিলেবাস অনুযায়ী। সময় থাকবে ১৮০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aiimsexams.ac.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৩,০০০ (তপশিলী, ই.ডব্লু.এস. হলে ২,৪০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৩২ মেডিক্যাল কর্মী

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যানসার ইনস্টিটিউট অপারেশন থিয়েটার টেকনিশিয়ান, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, পেশেন্ট কাউন্সেলর, ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, এমার্জেন্সি কেয়ার অ্যাসিস্ট্যান্ট, মেডিক্যাল রেকর্ড অ্যাসিস্ট্যান্ট, ফ্রন্টলাইন হেলথকেয়ার অ্যাসোসিয়েট পদে ৩২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

উচ্চমাধ্যমিক পাশরা 'ফ্রন্টলাইন হেলথকেয়ার অ্যাসোসিয়েট' পদের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ১০টি।

সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা 'মেডিক্যাল রেকর্ডস অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ৪টি।

আই.টি.আই. পাশরা 'এমার্জেন্সি কেয়ার অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ৮,২০০ টাকা। শূন্যপদ : ৬টি।

ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথলজি)' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ৪টি।

সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ও.টি. টেকনিশিয়ানের ডিপ্লোমা কোর্স পাশ হলে 'অপারেশন থিয়েটার টেকনিশিয়ান' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ২টি।

সায়েন্স, নিউট্রিশন ও ডায়াটেটিক্সের বি.এসসি. কোর্স পাশরা 'পেশেন্ট কাউন্সেলর' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : ৪টি।

ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা 'মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ৯,৬০০ টাকা। শূন্যপদ : ১টি।

মাধ্যমিক পাশরা 'ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান' পদের জন্য যোগ্য। পারিশ্রমিক মাসে ৮,২০০ টাকা। শূন্যপদ : ১টি।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। এই পদের বিজ্ঞপ্তি নং : N/022/2026, Dated : 13.07.2026

দরখাস্ত করবেন অনলাইনে, ২ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

পারমিতা মিত্র, সল্টলেক: রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে — সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে-প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। এখানকার ছাত্র সুমন সাঁফুই-এর কথাই ধরা যাক। আইটিআই থেকে পাশ করার পর মার্চেন্ট নেভিতে সিলেক্টেড হয়। কিন্তু একটা মেজর অ্যাক্সিডেন্ট- ছেলেটার জীবনের গতিপথ-ই বদলে দেয়। ২ বছর ধরে কোনো দিক থেকে কোনো কিছুই হচ্ছিল না। কেরিয়ার একদম তলানিতে গিয়ে ঠেকেছিল। সব আশার আলো নিভে গিয়ে ঠিক ৯ মাস আগে ডিসানে ভর্তি হয়। **UI/UX designing**-এ ট্রেনিং নেয়। ওই ট্রেনিংই তার জীবন বদলে দেয়। বললে বিশ্বাস করবেন না, এখন সেই ছেলে একটি নামী সফটওয়্যার কোম্পানিতে **Most Attractive Pay Package**-এ চাকরি করছে। আবার এখানকার আরেক ছাত্রী রিয়া কারক। ২০২৩ সালে জার্নালিজম ও মাসকমিউনিকেশন-এ গ্র্যাজুয়েশনে পাশ করে দীর্ঘ ২ বছর বেকার ছিল। পরীক্ষা দিচ্ছিল, কিন্তু সিলেক্টেড হচ্ছিল না। ১ বছর আগে সেই মেয়ে ডিসানে ট্রেনিং নিতে আসে। ভর্তি হয় **SEO** কোর্সে। খুব গর্বের সঙ্গে জানাচ্ছি, আর্টস (B.A.) ব্যাকগ্রাউন্ড থাকা সত্ত্বেও আজকে রিয়া একটি খুব নামী বহুজাতিক সংস্থায় হ্যান্ডসাম পে-প্যাকেজ -এ চাকরি করছে। আবার এখানকার ছাত্র রবিকান্ত সিং সাধারণভাবে ইতিহাস নিয়ে আর্টস গ্র্যাজুয়েট ছিল। ২ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় **Digital Marketing**-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিষ্কার আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই। এখানকার ছাত্র অরুপ্রিয় মণ্ডল-এর কথাই ধরা যাক। টেকনো ইন্ডিয়া থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে গ্র্যাজুয়েশন (বিসিএ) করার পরেও কোথাও কোনো চাকরি পাচ্ছিল না। নিজের ওপর বিশ্বাস হারিয়ে ফেলেছিল। এরকম অবস্থায় ডিসানে ভর্তি হয়। এখানে **MERN Stack** কোর্সে ভর্তি হয়। ৬ মাসের ট্রেনিং শেষে আজকে সে **TCS**-এ কর্মরত। এখন সে যা হ্যান্ডসাম পে-প্যাকেজ পাচ্ছে তা তার ব্যাচমেটদের মধ্যে কেউ পায় না। আবার এখানকার ছাত্রী সুকন্যা পাল, হসপিটাল ম্যানেজমেন্টে বিবিএ করার পর এমবিএ ডিগ্রি নিয়েও সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখানে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (**HR**) -এর ওপর ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে হ্যান্ডসাম প্যাকেজ পাচ্ছে সে। এখানকারই আরেকজন ছাত্রী কুহেলি দত্ত। বি.টেক করে HR নিয়ে এমবিএ পাশ করার পরেও কোথাও ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিল না। তার জীবন তখন দুর্বিষহ হয়ে পড়েছিল। এরকম অবস্থায় ডিসান ইনস্টিটিউটের কথা জানতে পারে। এখানকার HR ট্রেনিংয়ে ভর্তি হওয়ার পর আজকে সে একটি বড় কোম্পানিতে ইন্টার্ন হিসাবে কর্মরত। স্টাইপেন্ড হিসাবে সে একটি হ্যান্ডসাম প্যাকেজ পাচ্ছে। এখানকারই ছাত্র সুদীপ্ত পাল এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে ৬,০০,০০০ টাকার পে প্যাকেজ পাচ্ছে সে। আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিল অমিত ব্যানার্জী। এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে ৩,৬০,০০০ টাকার প্যাকেজে কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত। আবার বিগত কয়েক মাসে দীপক মজুমদার (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ :৩,০০,০০০/-টাকা); গোপাল বিশ্বাস (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/-টাকা); অর্ণব রায় (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); শ্রেয়া রায় (জুনিয়ার UI/UX হিসাবে সুইফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, LinkedIn ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্র্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড -এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছুই হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.

**সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।**

## রেলে ৪,০৯৮

১ পাতার পর

হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র ইঞ্জিনিয়ার :** সিভিল, মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ম্যানুফ্যাকচারিং, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল, মেশিনিং, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, টুল অ্যান্ড মেশিনিং, টুল অ্যান্ড ডাই মেকিং, প্রোডাকশন, ইনফর্মেশন টেকনোলজি, কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কারা কোন ট্রেডে আবেদন করতে পারবেন তা বিস্তারিতভাবে ওয়েবসাইটে পাবেন। দৃষ্টিশক্তি দরকার B-1 / C-1.

**ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট।** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি দরকার C1.

**কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট:** ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। দৃষ্টিশক্তি দরকার B1.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৭'র হিসাবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন পদে কোন ক্যাটেগরিতে ক'টি শূন্যপদ তা মূল বিজ্ঞপ্তিতে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং Centralised Employment Notice No. CEN 04/2026.

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। ২ ঘন্টার লিখিত পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস-১৫ নম্বরের১৫টি প্রশ্ন, (২) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) জেনারেল সায়েন্স -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন।

দ্বিতীয় পর্যায়ের এই অনলাইন পরীক্ষায় ১৫০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (২) ফিজিক্স ও কেমিস্ট্রি - ১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (৩) বেসিক কম্পিউটার অ্যান্ড অ্যাপ্লিকেশন - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৪) বেসিক এনভায়রণমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৫) টেকনিক্যাল এবিলিটি -১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। ই-অ্যাডমিট কার্ড পরীক্ষার আগে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। তখন পরীক্ষা দেওয়ার সময় ফটো আই.ডি. হিসাবে ভোটার কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, পাসপোর্ট, শিক্ষা প্রতিষ্ঠানের আই.ডি. কার্ড নিয়ে যেতে হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর বাদ যাবে। পরীক্ষা হবে যে রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করবেন, সেই বোর্ডের শহরের বিভিন্ন স্কুল-কলেজে। সবশেষে হবে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ আগস্ট থেকে ১৩ সেপ্টেম্বরের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)। দরখাস্ত করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালুরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

আহমেদাবাদ, আজমীর, বিলাসপুর, চণ্ডীগড়, চেন্নাই, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মুম্বই, মুজঃফরপুর, প্রয়াগরাজ, সেকেন্দ্রাবাদ, তিরুনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ তা পরবর্তী সংখ্যায় দেওয়া হবে।


## পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার উইমেন ইউনিভার্সিটি স্বীকৃত

## মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা (D.M.L.T) কোর্স করে সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ ও ১০০% কেরিয়ারের সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. ওয়েবসাইট : www.gurukuledutechcollege.com

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ *গ্রাম পঞ্চায়েতে নিয়োগের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এখন কি অনলাইনে নাম রেজিস্ট্রেশন চলছে? পরীক্ষা কবে হবে? পরীক্ষার সিলেবাস কী থাকবে? যাঁরা আগে নাম রেজিস্ট্রেশন করেনি, তাঁদের কি আবার নাম রেজিস্ট্রেশন করতে হবে? — স্বপ্না মন্ডল, নীলগঞ্জ, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। পিয়ালী ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা। সুদীপ দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ রাজ্যের সব গ্রাম পঞ্চায়েতে গ্রুপ-ডি, পিওন, ডাটা এন্ট্রি অপারেটর, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, গ্রাম পঞ্চায়েত কর্মী, নির্মাণ সহায়ক, সহায়ক, সেক্রেটারি, অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার, অ্যাকাউন্টস ক্লার্ক, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, ক্লার্ক-কাম-টাইপিস্ট, পঞ্চায়েত সমিতি পিওন, ব্লক ইনফর্মেটিক্স অফিসার ইত্যাদি পদে প্রায় ১১ হাজার শূন্যপদ পূরণ করা হবে। এই পরীক্ষা নেবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য আইন সংশোধন করা হবে। তারপর আইনানুযায়ী নিয়োগের যাবতীয় দায়িত্ব দেওয়া হবে পি.এস.সি.'কে। আগে এই পদে নিয়োগ হত জেলা স্তরের ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি (ডি.এল.এস.সি.)'এর মাধ্যমে। পি.এস.সি. দায়িত্ব পেলেই এই পদে নতুন করে দরখাস্ত নেওয়ার বিজ্ঞপ্তি বের করবে। আগে যাঁরা নাম রেজিস্ট্রেশন করেছিলেন তাঁদের আবার নতুন করে পি.এস.সি.'র ওয়েবসাইটে গিয়ে দরখাস্ত করতে হবে। যাঁরা আগে নাম রেজিস্ট্রেশন করেননি, তাঁদের নতুন করে নাম রেজিস্ট্রেশনের কোনো দরকার নেই। পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন, ডিসেম্বরের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শুরু হবে অর্থাৎ, আশা করা হচ্ছে, ডিসেম্বর মাস নাগাদ পঞ্চায়েতে নিয়োগের পরীক্ষা হবে। পরীক্ষার সিলেবাস বদলাবে। প্রার্থীর সংখ্যা অনেক বেশি হবে, তাই প্রার্থী বাছাইয়ের জন্য প্রিলিমিনারি ও মেনস দুটি পর্যায়ে পরীক্ষা নেওয়া হতে পারে। যদিও বিষয়টি এখনো আলোচনার পর্যায়ে আছে। প্রার্থী বাছাই পরীক্ষা আগামী বছরের প্রথম দিকে হবে।

■ *গ্রাম পঞ্চায়েতে যে যে পদে নিয়োগ হবে, তাতে কোন কোন পদের বেলায় কম্পিউটার যোগ্যতা লাগবে না অর্থাৎ, কম্পিউটার না জানলেও দরখাস্ত করা যাবে? — আনন্দ সাহা, ভদ্রেশ্বর, হুগলি।*

■■ গ্রাম পঞ্চায়েত কর্মী, গ্রাম পঞ্চায়েত সহায়ক, নির্মাণ সহায়ক, পিওন ইত্যাদি পদে কম্পিউটার যোগ্যতা লাগবে না।

■ *২০২৪ সালে পঞ্চায়েত পরীক্ষার জন্য নাম রেজিস্ট্রেশন করেছিলাম। এখন শোনা যাচ্ছে, পি.এস.সি.'র মাধ্যমে নিয়োগ হবে। আগের নাম রেজিস্ট্রেশনে ফর্ম পূরণ করতে পারব, না আবার নতুন করে ফর্ম পূরণ করতে হবে? — সায়নদীপ সাঁধুখাঁ, দত্তফুলিয়া, নদিয়া।*

■■ সব প্রার্থীদের নতুন করে দরখাস্ত করতে হবে পি.এস.সি.'র ওয়েবসাইটে গিয়ে, বিজ্ঞপ্তি বেরোনোর পর।

■ *২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — চন্দ্রকান্ত দোলই, হরিপুরা, কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর।*

■■ এবছর শেষের দিকে বিজ্ঞপ্তি বেরোবে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা ডিসেম্বর মাস নাগাদ হতে পারে কিংবা আগামী বছরের প্রথম দিকে হতে পারে।

## প্রাইমারির

■ *প্রাথমিক শিক্ষক পদের যে ইন্টারভিউ স্থগিত আছে, তা আবার কবে থেকে শুরু হবে? — ছোটন ধীবর, ছোটকাপসা, বেলগ্রাম, মুর্শিদাবাদ। প্রিয়া চক্রবর্তী, নীলগঞ্জ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ প্রাথমিক শিক্ষা দফতর সূত্রে খবর, খুব শিগগিরই স্থগিত ইন্টারভিউ আবার শুরু হবে।

■ *'কর্মসংস্থান' পত্রিকার নিয়মিত পাঠক ও প্রাথমিক স্কুলের শিক্ষক হিসাবে কর্মরত। ২০২৩ সালের পর থেকে প্রাথমিক 'টেট' হয়নি। লাখ লাখ বি.এড. ও ডি.এল.এড. পাশ প্রার্থী চরম হতাশায় দিন কাটাচ্ছে। প্রতি বছর 'টেট' হওয়ার প্রতিশ্রুতি দিয়ে থাকলেও বর্তমানে তা থমকে আছে। ২০২৬ সালে নতুন করে প্রাথমিক 'টেট' হওয়ার সম্ভাবনা আছে কি? এ বিষয়ে সরকার কি চিন্তাভাবনা করছে? — ইন্দ্রজিৎ হাইত, খানাকুল, হুগলি।*

■■ স্কুল সার্ভিস কমিশন ও প্রাথমিক শিক্ষা পর্ষদের মাধ্যমে প্রতি বছরই শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। সরকার বেকার ছেলেমেয়েদের প্রতিশ্রুতি দিয়েছে ও নতুন সরকারের ওপর ভরসা রাখতে বলেছেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিসের নবম থেকে দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের ইন্টারভিউ কবে থেকে হবে? — কাজল বিশ্বাস, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা। স্বপ্না মন্ডল, রাজবেড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ স্কুল সার্ভিস কমিশন ২৩ জুলাই এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, নবম-দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের লিখিত পরীক্ষায় সফলদের যে ভেরিফিকেশন আগে হয়েছিল, তাতে ইংরিজি, ভৌতবিজ্ঞান ও জীবনবিজ্ঞান বিষয়ের ভেরিফিকেশন বাকি ছিল। ওই ৩ বিষয়ের ভেরিফিকেশন শুরু হবে ৩০ জুলাই থেকে। এরপর ইন্টারভিউ নেওয়া হবে। এখনো ইন্টারভিউয়ের তারিখ ঘোষণা করেনি স্কুল সার্ভিস কমিশন। তবে ৩১ আগস্টের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ আছে সুপ্রিম কোর্টের। তাই দ্রুত ভেরিফিকেশনের কাজ শেষ করে ইন্টারভিউ নিতে চায় স্কুল সার্ভিস কমিশন। তবে ৩১ আগস্টের মধ্যে নিয়োগের কাজ শেষ না হলে সুপ্রিম কোর্টের কাছে নিয়োগের মেয়াদ বাড়ানোর জন্য আর্জি জানাবে সরকারপক্ষ।

## রেলে চাকরির

■ *রেলের টিকিট কালেক্টর পদের জন্য কি শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? এই পরীক্ষায় টাইপ টেস্ট হয় কি? — নিত্যানন্দ ধারা, সালকিয়া, হাওড়া।*

■■ মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট যোগ্যতা থাকলে উচ্চমাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ২১,৭০০ টাকা। সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দুটি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে।

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ও এম.টি.এস. পদের পরীক্ষা এবছর কবে হবে? — রূপসা হায়, হিন্দমোটর, হুগলি।*

■■ কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের পরীক্ষা হবে এবছর জুলাই থেকে সেপ্টেম্বরের মধ্যে। আর এম.টি.এস. পদের পরীক্ষা হবে সেপ্টেম্বর থেকে নভেম্বরের মধ্যে।

## অন্যান্য চাকরির

■ *কলকাতা হাই কোর্টে গ্রুপ-ডি ও গ্রুপ-সি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — অনুপকুমার বর্মন, হেমতাবাদ, উত্তর দিনাজপুর।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *'কর্মসংস্থান' পত্রিকাতে ব্যবসা সংক্রান্ত খবরাখবর আবার দেওয়া শুরু করুন। — অর্পিতা দত্ত।*

■■ হ্যাঁ, 'কর্মসংস্থান' পত্রিকায় ধারাবাহিকভাবে ব্যবসা সংক্রান্ত খবর দেওয়া হচ্ছে।

■ *আই.সি.ডি.এস. পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে কি? — অরূপ হালদার, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ না, এখন দরখাস্ত নেওয়া হচ্ছে না।

## পুলিশে চাকরির


■ *পুলিশে কি নিয়োগ হবে? কোন কোন পদে নিয়োগ হবে? — সুমন দাস, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা। বাবাই বন্দ্যোপাধ্যায়, উত্তর মাজু, হাওড়া।*

■■ রাজ্য পুলিশে ডি.এস.পি থেকে জুনিয়র কনস্টেবল পদ পর্যন্ত অনুমোদিত পদের সংখ্যা ১ লাখ ২১ হাজার ৩৪৪টি। এর মধ্যে শূন্যপদের সংখ্যা ৪৩ হাজার ৭৩টি। মুখ্যমন্ত্রী জানান, পুজোর আগেই পুলিশে প্রচুর শূন্যপদ পূরণ হবে। এর মধ্যে ২০২৪ সালের পরীক্ষা থেকে কনস্টেবল পদে ১৬ হাজার প্রার্থীর চূড়ান্ত তালিকা শুধু বেরোনোর অপেক্ষা। এছাড়াও আরো ২০ হাজার শূন্যপদ পূরণের উদ্যোগ নেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী জানান, দেশে জনসংখ্যার নিরিখে পুলিশের সংখ্যার গড় ১৫৫। কিন্তু পশ্চিমবঙ্গে সেই গড় ১০৬। তাই সরকার দ্রুত নিয়োগ করতে চায়।

# ব্যবসা

## আলু, কলা ও কচুর চিপস তৈরির ব্যবসা

**নিজস্ব প্রতিনিধি :** 'ফাস্ট ফুডের আলু, কলা ও কচুর মশলা মাখানো চিপসের চাহিদা ক্রমশ বাড়ছে। নামি কোম্পানির 'ওয়াফার' — এর দাম বেশি হওয়ায়, ছোটখাটো উৎপাদকদের বিক্রির বাজার যথেষ্ট ভালো। আর পলিপ্যাকে বিক্রি হওয়ায়, একদিকে যেমন দীর্ঘ দিন ধরে বিক্রির সুযোগ থাকে, অন্যদিক তেমন দূরের বাজারেও চালান করা যায়। শহর ও গ্রামের ছেলেমেয়েরা নিজেদের ঘরে বসেই এই চিপস তৈরি করে পাইকারি দরে যেমন কলকাতার বড়বাজারের রাজা কাটরা, ক্যানিং স্ট্রিট ও শিয়ালদহে বিক্রি করতে পারেন, তেমন সরাসরি খুচরো দোকানিদের কাছেও বিক্রি করতে পারবেন। ১০×১২ ফুট ঘরেই ১৫-২০ হাজার টাকা পুঁজি নিয়ে এই 'চিপস' তৈরির ব্যবসা শুরু করতে পারেন।



**যন্ত্রপাতি :** যন্ত্রপাতি বলতে লাগবে 'স্লাইসার', 'পিলার', ফ্রাইং প্যান ও সিলিং মেশিন। এছাড়া লাগবে দাঁড়ি পাল্লা, ছুরি, উনুন, কয়েকটি পাত্র ইত্যাদি সরঞ্জাম। দাম পড়বে ১টি স্লাইসারের ৭৫০ টাকা, পিলারের ২৫০ টাকা, ফ্রাইং প্যানের ১,০৫০ টাকা ও পলিথিনের প্যাকেট সিল করার জন্য ১টি হাতে চালানো সিলিং মেশিনের জন্য ১০,৫০০ টাকা। এছাড়া দাঁড়িপাল্লা, ছুরি, উনুন, পাত্র ইত্যাদির জন্য লাগবে আরো ১০,০০০ টাকা। ৪ জন লোক নিয়ে এই ব্যবসা করতে হলে অন্তত ৩ টি স্লাইসার ও ৪ টি পিলার লাগবে। এই ব্যবসায় যত বেশি লোক নিতে পারবেন ও একইসঙ্গে বিক্রির বাজার যত বাড়াতে পারবেন, লাভ তত বেশি হবে।

**কাঁচামাল :** কাঁচামাল বলতে লাগবে আলু, কাঁচকলা ও কচু। এছাড়া লাগবে রিফাইন্ড তেল, নুন, লঙ্কাগুড়ো ও মশলা।

**কীভাবে তৈরি করবেন :** প্রথমে আলু, কাঁচকলা ও কচু ভালোভাবে জলে ধুয়ে পরিষ্কার করে নিতে হবে। এরপর 'পিলার' যন্ত্রের সাহায্যে খোসা ছাড়িয়ে নিতে হবে। তারপর স্লাইসার' দিয়ে চাকা চাকা করে কেটে নেবেন। এবার জ্বলন্ত উনুনে ফ্রাইং প্যান চাপিয়ে তাতে রিফাইন্ড তেল ঢেলে গরম করুন। সরু চাকা-চাকা করে কাটা আলু, কচু ও কাঁচকলা গরম তেলে ফেলে ভালোভাবে ভাজা হলে ১টি বড়ো পাত্রে ঢেলে ঠান্ডা করুন ও ঠান্ডা হলে নুন, চিলি পাউডার ও অন্যান্য মশলা ছড়িয়ে ভালোভাবে জড়িয়ে পলিথিনের প্যাকেটে ভরে ওজন করে, প্যাকেটের মুখ সিলিং মেশিনের সাহায্যে সিল করে দিন। মাসে অন্তত ২ হাজার টাকা লাভ করতে হলে দিনে অন্তত ৩০ কেজি চিপস করতে হবে। পোট্যাটো চিপসে কিন্তু কচু বা কাঁচকলা মেশাবেন না।



**কোথায় কী পাবেন :** আলু, কলা ও কচু পাইকারি দরে স্থানীয় বড় বাজার থেকেই কিনতে পারেন। তবে সরাসরি চাষিদের কাছ থেকে কিনতে পারলে দাম আরো কম পড়বে। পলিথিনের প্যাকেট বা টিউব পাবেন কলকাতার ক্যানিং স্ট্রিটে। পিলার ও স্লাইসার যে কোনো রান্নার সরঞ্জাম বিক্রির দোকানেই পাবেন।

## মিসলেনিয়াস স্পেশাল

1. অজন্তা গুহাচিত্রের 'ফ্রেস্কো' চিত্রকলা তৈরিতে কোন উপাদানটি বাইন্ডিং এজেন্ট বা আঠা হিসাবে ব্যবহার করা হয়েছিল?
(A) ডিমের কুসুম (B) মোম ও পশুর চর্বি (C) চালের তুষ ও আঠা বা গ্লু (D) চুনের জল ও ভাতের ফ্যান

2. মণিপুরী শাস্ত্রীয় নৃত্যের একটি অন্যতম প্রধান ধারা হল 'সংকীর্তন'। এটি মূলত কার জীবন ও লীলা কীর্তনের সঙ্গে যুক্ত?
(A) শিব ও পার্বতী (B) ভগবান শ্রীকৃষ্ণ ও রাধা (C) বুদ্ধ ও বোধিসত্ব (D) মহাবীর জৈন

3. মুঘল আমলের বিখ্যাত চিত্রশিল্পী খাজা আব্দুস সামাদ ও মীর সাইয়িদ আলী-কে কোন মুঘল সম্রাট পারস্য (ইরান) থেকে ভারতে নিয়ে এসেছিলেন?
(A) বাবর (B) আকবর (C) হুমায়ুন (D) জাহাঙ্গীর

4. বিখ্যাত ধ্রুপদী নৃত্য 'কুচিপুড়ী'র পরিবেশনায় 'তরঙ্গম' বলতে নীচের কোন বিশেষ কৌশলটিকে বোঝায়?
(A) শুধু চোখের পলক ও ভ্রু নাড়িয়ে মনের ভাব প্রকাশ করা (B) একটি পিতলের থালার কিনারে পা রেখে ও মাথায় জলের কলসি নিয়ে ভারসাম্য বজায় রেখে নাচ করা (C) নৃত্যের শুরুতে বাদ্যযন্ত্র ছাড়া শুধু শাস্ত্রীয় শ্লোক আবৃত্তি করা (D) পুরুষ শিল্পীদের মাধ্যমে নারী চরিত্রের রূপ ধারণ করে অভিনয় করা

5. গান্ধর্ব বেদ মূলত কোন মূল বেদের একটি অন্যতম প্রধান উপবেদ হিসাবে পরিচিত, যা সঙ্গীত ও নাট্যকলার সঙ্গে যুক্ত?
(A) ঋগ্বেদ (B) সামবেদ (C) য জুর্বেদ (D) অথর্ববেদ

6. রাষ্ট্রকূট সাম্রাজ্যের অধীনে প্রচলিত 'হিরণ্য' করটি আসলে কী ছিল?
(A) উৎপন্ন ফসলের ওপর ধার্য এক-ষষ্ঠাংশ কর (B) সোনা বা নগদে পরিশোধযোগ্য কর (C) শুধুমাত্র ব্রাহ্মণদের ওপর ধার্য এক বিশেষ ধর্মীয় কর (D) যুদ্ধকালীন সময়ে সাধারণ মানুষের থেকে সংগৃহীত জরুরি কর

7. ১৯০৭ সালের বিখ্যাত 'সুরাত বিভাজন'এর ঠিক আগে, ১৯০৬ সালের কলকাতা অধিবেশনে নরমপন্থী ও চরমপন্থীদের মধ্যে বিবাদ এড়াতে দাদাভাই নওরোজি কোন শব্দটিকে প্রথমবার কংগ্রেসের মঞ্চ থেকে রাজনৈতিক লক্ষ্য হিসাবে ঘোষণা করেন?
(A) স্বরাজ (B) পূর্ণ স্বরাজ (C) ঔপনিবেশিক স্বায়ত্তশাসন (D) বর্জন বা বয়কট

8. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্ট তার নিজের দেওয়া পূর্ববর্তী কোনো রায় বা আদেশ পুনর্বিবেচনা করতে পারে?
(A) অনুচ্ছেদ ১৩৭ (B) অনুচ্ছেদ ১৪৩ (C) অনুচ্ছেদ ১৩২ (D) অনুচ্ছেদ ১২৪

9. 'ব্লু ভিট্রিয়ল' রাসায়নিকভাবে নীচের কোনটিকে বলা হয়?
(A) সোডিয়াম সালফেট (B) কপার সালফেট (C) আয়রন সালফেট (D) জিঙ্ক সালফেট

10. নীচের কোন নদীটি ভারত থেকে উৎপন্ন হয়ে পাক-ই-স্তানে প্রবেশ করেনি?
(A) ঝিলাম (B) রাভি (C) বিয়াস (শতদ্রুর উপনদী) (D) চেনাব

11. ভারতের তেল ও প্রাকৃতিক গ্যাস কর্পোরেশন (ONGC) কোন বছর প্রতিষ্ঠিত হয়েছিল?
(A) ১৯৬৬ (B) ১৯৬২ (C) ১৯৪৮ (D) ১৯৫৬

12. নীচের কোন গিরিপথটি লাসা (তিব্বত)-এর সঙ্গে অরুণাচল প্রদেশের তাওয়াং-কে যুক্ত করেছে?
(A) বোমডি লা (B) জিলিপ লা (C) শিপকি লা (D) নাথু লা

13. ১৯৪০ সালের বিখ্যাত 'অগাস্ট প্রস্তাব' ভারতের কোন ভাইসরয় পেশ করেছিলেন?
(A) লর্ড লিনলিথগো (B) লর্ড ওয়েভেল (C) লর্ড উইলিংডন (D) লর্ড মাউন্টব্যাটেন

14. মহাবলীপুরমের 'রথ মন্দির' বা পঞ্চরথ স্থাপত্যগুলি কোন পল্লব রাজার রাজত্বকালে একক পাথর কেটে তৈরি করা হয়েছিল?
(A) প্রথম মহেন্দ্রবর্মন (B) প্রথম নরসিংহবর্মন (C) দ্বিতীয় নন্দীবর্মন (D) অপরাজিত বর্মন

15. আদি শঙ্করাচার্য ভারতের চার কোণায় চারটি বিখ্যাত মঠ প্রতিষ্ঠা করেছিলেন। নীচের কোন জোড়টি ভৌগোলিক অবস্থানের দিক থেকে সঠিক নয়?
(A) উত্তর - জ্যোতির্মঠ (বদ্রীমঠ) (B) দক্ষিণ - শৃঙ্গেরি শারদা পীঠ (কর্ণাটক) (C) পূর্ব - গোবর্ধন মঠ (পুরী) (D) পশ্চিম - কালিকা মঠ (উজ্জয়িনী)

16. বিহারের মধুবনী চিত্রকলার ক্ষেত্রে কোহবর ঐতিহ্যটি মূলত কীসের সঙ্গে সম্পর্কিত?
(A) ফসল কাটার উৎসব (B) নবজাতকের নামকরণের অনুষ্ঠান (C) বিবাহ ও নবদম্পতির বাসরঘরের দেওয়াল চিত্র (D) অন্ত্যেষ্টিক্রিয়া ও ধর্মীয় আচার

17. লোকসভার স্পিকার ও ডেপুটি স্পিকার উভয়ের পদই যদি কোনো কারণে শূন্য থাকে, তবে লোকসভার অধিবেশনে কে সভাপতিত্ব করবেন?
(A) লোকসভার প্রবীণতম সদস্য (B) রাষ্ট্রপতির মাধ্যমে নিযুক্ত লোকসভার যেকোনো সদস্য (C) স্পিকারের মাধ্যমে পূর্ব মনোনীত 'প্যানেল অফ চেয়ারপার্সন'এর কোনো সদস্য (D) রাজ্যসভার উপরাষ্ট্রপতি

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত বিশেষ আধিকারিক (WBCS) পম্পা শূর।

18. উত্তরবঙ্গের সমভূমি অঞ্চলের 'তাল' ও 'দিয়ারা' ভূমিরূপের ক্ষেত্রে কোন তথ্যটি সঠিক?
(A) 'তাল' হল নদী তীরবর্তী উর্বর পলিমাটি ও 'দিয়ারা' হল নিচু জলাভূমি (B) 'তাল' হল হ্রদ বা নীচু জলাভূমি অঞ্চল ও 'দিয়ারা' হল কালিন্দী নদীর দক্ষিণে অবস্থিত নবীন পলিগঠিত সমভূমি (C) দুই অঞ্চলই ল্যাটেরাইট ক্ষয়জাত উচ্চভূমি (D) 'তাল' উত্তর দিনাজপুরে ও 'দিয়ারা' আলিপুরদুয়ারে দেখা যায়

19. পশ্চিমবঙ্গের মালভূমি অঞ্চলের সর্বোচ্চ শৃঙ্গ 'গোর্গাবুরু' কোন পাহাড়ের অংশ ও এর উচ্চতা কত?
(A) শুশুনিয়া পাহাড়; ৪৪০ মিটার (B) অযোধ্যা পাহাড়; ৬৭৭ মিটার (C) বিহারীনাথ পাহাড়; ৪৫১ মিটার (D) মামা-ভাগ্নে পাহাড়; ৩৫০ মিটার

20. দামোদর নদীর অববাহিকা অঞ্চলে তীব্র ভূমিক্ষয় রুখতে ও বন্যা নিয়ন্ত্রণে ১৯৫৩ সালে পশ্চিমবঙ্গের কোন জেলায় প্রথম 'সয়েল কনজারভেশন ট্রেনিং সেন্টার' স্থাপন করা হয়েছিল?
(A) পুরুলিয়া (B) বর্ধমান (C) বীরভূম (হাজারীবাগ লাগোয়া অঞ্চলে কাজের জন্য) (D) বাঁকুড়া (হাজরীডিহি)

21. বীরভূমের বিখ্যাত 'বক্রেশ্বর' তাপবিদ্যুৎ কেন্দ্র ও উষ্ণ প্রস্রবণ অঞ্চলটি মূলত কোন নদীর অববাহিকায় বা তার কাছাকাছি অবস্থিত?
(A) ময়ূরাক্ষী নদী (B) অজয় নদী (C) বক্রেশ্বর ও কোপাই নদী (D) হিংলো নদী

22. কোনো নির্দিষ্ট তাপমাত্রায় তরলের পৃষ্ঠটান পরিমাপ করার সময় যদি তরলে কোনো 'অজৈব লবণ' (যেমন NaCl) দ্রবীভূত করা হয়, তবে পৃষ্ঠটানের কী পরিবর্তন ঘটবে?
(A) পৃষ্ঠটান মারাত্মকভাবে কমবে (B) পৃষ্ঠটান অপরিবর্তিত থাকবে (C) পৃষ্ঠটান বাড়বে (D) পৃষ্ঠটান প্রথমে কমবে ও পরে হঠাৎ বাড়বে

23. ফটোগ্রাফিক ফিল্ম বা এক্স-রে প্লেট তৈরিতে আলোক-সংবেদনশীল উপাদান হিসাবে নীচের কোন রাসায়নিকটি প্রধানত ব্যবহৃত হয়?
(A) সিলভার নাইট্রেট (B) সিলভার ব্রোমাইড (C) সোডিয়াম থায়োসালফেট (D) ক্যালসিয়াম কার্বোনেট

24. ব্রহ্মপুত্র নদী তিব্বতে 'সাংপো' নামে পরিচিত। ভারতে প্রবেশ করার ঠিক আগে এটি হিমালয়ের কোন পূর্বতম শৃঙ্গের কাছে একটি তীব্র ইংরেজি 'U' আকৃতির বাঁক নিয়েছে?
(A) কাঞ্চনজঙ্ঘা (B) নামচা বারওয়া (C) নোরেক (D) সান্দাকফু

25. আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের সর্বোচ্চ শৃঙ্গ 'স্যাডল পিক' কোন নির্দিষ্ট দ্বীপে অবস্থিত?
(A) উত্তর আন্দামান (B) মধ্য আন্দামান (C) দক্ষিণ আন্দামান (D) গ্রেট নিকোবর

26. অশোকের শিলালিপিগুলির পাঠোদ্ধার প্রসঙ্গে নীচের কোন তথ্যটি সঠিক নয়?
(A) ১৮৩৭ সালে জেমস প্রিন্সেপ প্রথম অশোকের ব্রাহ্মী লিপির পাঠোদ্ধার করেন (B) অশোকের উত্তর-পশ্চিম সীমান্তে (যেমন এখনকার পাক-ই-স্তান অঞ্চলে) প্রাপ্ত লিপিগুলি খরোষ্ঠী ও আরামাইক লিপিতে খোদাই করা ছিল (C) কান্দাহার থেকে প্রাপ্ত অশোকের দ্বিভাষিক লিপিটি গ্রিক ও আরামাইক ভাষায় লিখিত (D) অশোকের সব শিলালিপিতেই তাকে শুধুমাত্র 'দেবানামপ্রিয় প্রিয়দর্শী' বলা হয়েছে, কোথাও তাঁর আসল নাম 'অশোক' উল্লেখ নেই।

27. জম্মু ও কাশ্মীরে অবস্থিত 'দাচিগাম জাতীয় উদ্যান' ভারতের একমাত্র প্রাকৃতিক বাসস্থান, যেখানে নীচের কোন বিপন্ন স্তন্যপায়ী প্রাণীটি সংরক্ষিত রয়েছে?
(A) কস্তুরী মৃগ (B) হাঙ্গুল বা কাশ্মীরি লাল হরিণ (C) মারখোর (D) আইবেক্স

28. ভারতীয় চলচ্চিত্রের সর্বোচ্চ সম্মান 'দাদাসাহেব ফালকে পুরস্কার'। ২০২৫ সালে এই মর্যাদাপূর্ণ পুরস্কারে ভূষিত হয়েছেন ভারতের কোন কিংবদন্তি অভিনেতা?
(A) চিরঞ্জীবী (B) মোহনলাল (C) মামুট্টি (D) অমিতাভ বচ্চন

29. জওহরলাল নেহরুর বিখ্যাত গ্রন্থ 'The Discovery of India' আহমেদনগর দুর্গ জেলে বন্দি থাকার সময় লেখা হয়েছিল। এটি মূলত কোন ঐতিহাসিক আন্দোলনের প্রেক্ষাপটে তাঁর কারাবাসের সময় রচিত?
(A) অসহযোগ আন্দোলন (১৯২০) (B) আইন অমান্য আন্দোলন (১৯৩০) (C) ভারত ছাড়ো আন্দোলন (১৯৪২) (D) স্বদেশী আন্দোলন (১৯০৫)

30. ভারতীয় ইংরিজি সাহিত্যের অন্যতম পথিকৃৎ আর. কে. নারায়ণ'এর লেখা উপন্যাস 'The Guide' এর ওপর ভিত্তি করে তৈরি বিখ্যাত হিন্দি সিনেমা 'গাইড' (১৯৬৫)-এ রাজু গাইডের চরিত্রে কে অভিনয় করেছিলেন?
(A) রাজ কাপুর (B) দিলীপ কুমার (C) দেব আনন্দ (D) অমিতাভ বচ্চন

31. 'অরণ্যের অধিকার' উপন্যাসটি সাঁওতাল ও মুণ্ডা বিদ্রোহের পটভূমিতে বীরসা মুণ্ডার জীবন অবলম্বনে রচিত। এই বিখ্যাত বইটির রচয়িতা কে?
(A) আশাপূর্ণা দেবী (B) মহাশ্বেতা দেবী (C) লীলা মজুমদার (D) বাণী বসু

32. 'To be, or not to be, that is the question'— বিশ্ব সাহিত্যের ইতিহাসের অন্যতম বিখ্যাত এই পঙক্তিটি উইলিয়াম শেক্সপীয়রের কোন

মিসলেনিয়াস স্পেশাল

কালজয়ী নাটক থেকে নেওয়া হয়েছে?
(A) Macbeth (B) Othello (C) Hamlet (D) King Lear

33. প্রাচীন গ্রিক ট্র্যাজেডির শ্রেষ্ঠ নিদর্শন 'Oedipus Rex' (রাজা ইডিপাস) নাটকটির রচয়িতা কে?
(A) এসকাইলাস (B) সোফোক্লিস (C) ইউরিপিদিস (D) অ্যারিস্টটল

34. ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনার ইতিহাসে কোন পরিকল্পনাটি বিখ্যাত 'মহলানবিশ মডেল'এর ওপর ভিত্তি করে গড়ে উঠেছিল, যেখানে ভারী শিল্পের ওপর জোর দেওয়া হয়?
(A) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (B) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (C) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা (D) চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা

35. ভারতের ট্যাক্স বা কর ব্যবস্থার সংস্কারের জন্য ২০০২ সালে গঠিত কোন কমিটির সুপারিশের ওপর ভিত্তি করে পরবর্তীতে GST চালুর রোডম্যাপ তৈরি হয়েছিল?
(A) চেল্লিয়া কমিটি (B) কেলকার টাস্ক ফোর্স (C) নরসিংহম কমিটি (D) রঙ্গরাজন কমিটি

36. দারিদ্র্য পরিমাপ ও দারিদ্র্যসীমা নির্ধারণের জন্য ভারত সরকার ২০০৫ সালে কোন বিশেষজ্ঞ কমিটি গঠন করেছিল, যা ক্যালোরি গ্রহণের পাশাপাশি শিক্ষা ও স্বাস্থ্যের খরচকেও অন্তর্ভুক্ত করেছিল?
(A) অলঘ কমিটি (B) তেন্ডুলকর কমিটি (C) লকড়ওয়ালা কমিটি (D) রঙ্গন রাও কমিটি

37. UPSC প্রার্থীদের আর্থিক সহায়তা দিতে CM-INSPIRE Scheme চালু করেছে কোন রাজ্য সরকার?
(A) উত্তর প্রদেশ (B) মেঘালয় (C) বিহার (D) ওড়িশা

38. ভারতের গ্রামীণ এলাকার অর্থনৈতিক উন্নয়নের জন্য 'নাবার্ড' ব্যাঙ্কটি কত সালে ও কোন কমিটির সুপারিশে প্রতিষ্ঠিত হয়েছিল?
(A) ১৯৮২ সাল; শিবরামন কমিটি (B) ১৯৮৮ সাল; নরসিংহম কমিটি (C) ১৯৯২ সাল; মলহোত্রা কমিটি (D) ১৯৮৫ সাল; কেলকার কমিটি

39. ওস্তাদ আমজাদ আলি খান ও তাঁর দুই পুত্র আমান আলি ও অয়ান আলি — কোন বিখ্যাত ভারতীয় শাস্ত্রীয় বাদ্যযন্ত্র বাজানোর জন্য বিশ্বজুড়ে পরিচিত?
(A) সেতার (B) সরোদ (C) সন্তুর (D) বাঁশি

40. ভারত ও শ্রীলঙ্কার মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত কোন সামুদ্রিক জৈববৈচিত্র্য অঞ্চলটি ভারতের প্রথম 'সামুদ্রিক বায়োস্ফিয়ার রিজার্ভ' হিসাবে ঘোষিত হয়েছিল?
(A) সুন্দরবন বায়োস্ফিয়ার রিজার্ভ (B) মান্নার উপসাগর বায়োস্ফিয়ার রিজার্ভ (C) কচ্ছের রণ বায়োস্ফিয়ার রিজার্ভ (D) গ্রেট নিকোবর বায়োস্ফিয়ার রিজার্ভ

41. একটি পাত্রে 80 লিটার খাঁটি দুধ আছে। পাত্রটি থেকে 8 লিটার দুধ তুলে নিয়ে সমপরিমাণ জল ঢালা হল। এই পদ্ধতিটি আরো দু'বার (অর্থাৎ মোট তিনবার) পুনরাবৃত্তি করা হল। শেষপর্যন্ত পাত্রটিতে কত লিটার খাঁটি দুধ অবশিষ্ট থাকবে?
(A) 58.32 লিটার (B) 52.48 লিটার (C) 46.66 লিটার (D) 58.00 লিটার

42. এক ব্যক্তি 2,400 টাকায় কিছু খেলনা কিনলেন। তিনি তার $\frac{2}{3}$ অংশ খেলনা 5% লাভে বিক্রি করলেন। বাকি খেলনা তিনি কত শতাংশ লাভে বিক্রি করলে মোটের ওপর তাঁর 11% লাভ হবে?
(A) 20% (B) 23% (C) 25% (D) 28%

43. A ও B একটি ব্যবসা শুরু করে। A মোট মূলধনের $\frac{1}{4}$ অংশ $\frac{1}{4}$ সময়ের জন্য দেয় ও B মোট মূলধনের $\frac{1}{5}$ অংশ $\frac{1}{2}$ সময়ের জন্য দেয়। C বাকি মূলধন সম্পূর্ণ সময়ের জন্য বিনিয়োগ করে। মোট 5,700 টাকা লাভ হলে, C-এর লভ্যাংশ কত টাকা?
(A) 4,200 (B) 3,800 (C) 4,500 (D) 4,000

44. একটি ট্রেন স্টেশন A থেকে সকাল 7টায় 60 কিমি / ঘন্টা বেগে স্টেশন B-এর দিকে রওনা দেয়। অন্য একটি ট্রেন সকাল 8টায় স্টেশন B থেকে 75 কিমি. / ঘন্টা বেগে A-এর দিকে রওনা দেয়। যদি দু'টি স্টেশনের দূরত্ব 330 কিলোমিটার হয়, তবে তারা কখন মিলিত হবে?
(A) সকাল 10.00 টায় (B) সকাল 11.30 টায় (C) সকাল 11.00 টায় (D) সকাল 11.15 টায়

45. A একটি কাজ 20 দিনে ও B কাজটিকে 30 দিনে করতে পারে। তারা একসঙ্গে কাজ শুরু করার কিছুদিন পর A কাজ ছেড়ে চলে যায় ও বাকি কাজ B একাই 5 দিনে শেষ করে। A কতদিন কাজ করেছিল?
(A) 8 (B) 10 (C) 12 (D) 15

46. এক ব্যক্তি বার্ষিক 10% জটিল সুদের হারে 2 বছরের জন্য কিছু টাকা ধার নিলেন। যদি দ্বিতীয় বছরের সুদ 1,320 টাকা হয়, তবে আসল কত টাকা ছিল?
(A) 10,000 (B) 12,000 (C) 15,000 (D) 18,000

## মিসলেনিয়াস সার্ভিসেস

৯ পাতার পর

47. একটি পাইপ একটি চৌবাচ্চা 20 মিনিটে পূর্ণ করতে পারে ও অন্য একটি পাইপ 30 মিনিটে তা খালি করতে পারে। পাইপ দু'টি অল্টারনেট মিনিটে (এক মিনিট অন্তর অন্তর) খোলা হলে, কত মিনিটে খালি চৌবাচ্চাটি পূর্ণ হবে?
(A) 114 (B) 115 (C) 117 (D) 120

48. দু'টি সংখ্যার ল.সা.গু তাদের গ.সা.গু-এর 45 গুণ। যদি একটি সংখ্যা 125 হয় ও ল.সা.গু ও গ.সা.গু'র সমষ্টি 1,150 হয়, তবে অন্য সংখ্যাটি কত?
(A) 215 (B) 225 (C) 250 (D) 275

49. একটি পরীক্ষায় সফল ও অসফল ছাত্রের অনুপাত ছিল 6 : 1. যদি আরো 6 জন ছাত্র সফল হত, তবে তাদের অনুপাত হত 9 : 1. পরীক্ষায় মোট কতজন ছাত্র উপস্থিত ছিল?
(A) 126 (B) 140 (C) 154 (D) 168

50. কোনো আসল সরল সুদে 5 বছরে দ্বিগুণ হয়। কত বছরে তা একই সুদের হারে নিজের 8 গুণ হবে?
(A) 25 (B) 30 (C) 35 (D) 40

### উত্তর

1(C). 2(B). 3(C). 4(B). 5(B). 6(B). 7(A). 8(A). 9(B). 10(C). 11(D). 12(A). 13(A). 14(B). 15(D). 16(C). 17(C). 18(B). 19(B). 20(D). 21(C). 22(C). 23(B). 24(B). 25(A). 26(D). 27(B). 28(B). 29(C). 30(C). 31(B). 32(C). 33(B). 34(B). 35(B). 36(B). 37(B). 38(A). 39(B). 40(B).

41(A). এই ধরনের বারবার মিশ্রণ পরিবর্তন করার ক্ষেত্রে একটি নির্দিষ্ট সূত্র ব্যবহার করা হয়:
অবশিষ্ট খাঁটি তরলের পরিমাণ = $x\left(1-\frac{y}{x}\right)^n$
এখানে x = প্রাথমিক খাঁটি দুধের পরিমাণ = 80 লিটার
y = প্রতিবারে তুলে নেওয়া মিশ্রণের পরিমাণ = 8 লিটার
n = প্রক্রিয়াটি মোট কতবার করা হয়েছে = 3 বার (প্রথম 1 বার + আরো 2 বার)
সূত্রে মানগুলি বসিয়ে পাই:
অবশিষ্ট দুধ = $80\times\left(1-\frac{8}{80}\right)^3$
$= 80\times\left(1-\frac{1}{10}\right)^3 = 80\times\left(\frac{9}{10}\right)^3$
$= 80\times\frac{729}{1000} = 58.32$ লিটার।

42(B). মনে করি, মোট খেলনা 3টি; প্রতিটির দাম 100 টাকা। মোট ক্রয়মূল্য 300 টাকা। মোটের ওপর 11% লাভ করতে হলে মোট বিক্রয়মূল্য হতে হবে = 300 × 1.11 = 333 টাকা।
2 অংশ খেলনা 5% লাভে বিক্রি করলে বিক্রয়মূল্য = 200 × 1.05 = 210 টাকা। বাকি 1 অংশ খেলনার বিক্রয়মূল্য হতে হবে = 333 − 210 = 123 টাকা। অর্থাৎ, বাকি 1টি খেলনায় লাভ করতে হবে 123 − 100 = 23 টাকা বা, 23%.

43(A). মনে করি, মোট মূলধন 20 ইউনিট ও মোট সময় 4 মাস। A-এর বিনিয়োগ
$= \left(20\times\frac{1}{4}\right)\times\left(4\times\frac{1}{4}\right) = 5\times1 = 5$
B-এর বিনিয়োগ
$= \left(20\times\frac{1}{5}\right)\times\left(4\times\frac{1}{2}\right) = 4\times2 = 8$
C-এর বাকি মূলধন = 20 − (5+4) = 11 ইউনিট, সম্পূর্ণ সময় (4 মাস) এর জন্য = 11 × 4 = 44
লভ্যাংশের অনুপাত A : B : C = 5 : 8 : 44
অনুপাতের যোগফল 5 + 8 + 44 = 57
C-এর লভ্যাংশ = $\frac{44}{57}\times5700 = 4,400$ টাকা (নিকটবর্তী অপশন অনুসারে বা টাইপো 4,400 টাকা হবে)।

44(A). সকাল 7টা থেকে 8টা পর্যন্ত (1 ঘন্টায়) প্রথম ট্রেনটি যায় = 60 কিলোমিটার। সকাল 8টায় তাদের মধ্যেকার অবশিষ্ট দূরত্ব = 330 − 60 = 270 কিলোমিটার।
সকাল 8টার পর তাদের আপেক্ষিক বেগ = 60 + 75 = 135 কিলোমিটার / ঘন্টা।
মিলিত হতে সময় লাগবে $\frac{270}{135} = 2$ ঘন্টা।

45(B). মোট কাজ (20 ও 30-এর ল.সা.গু) = 60 ইউনিট।
A-এর দক্ষতা $\frac{60}{20} = 3$ ইউনিট / দিন; B-এর দক্ষতা $\frac{60}{30} = 2$ ইউনিট / দিন। B শেষ 5 দিনে একাই কাজ করেছে 5 × 2 = 10 ইউনিট। বাকি কাজ তারা একসঙ্গে করেছিল 60 − 10 = 50 ইউনিট। তারা একসঙ্গে একদিনে করে 3 + 2 = 5 ইউনিট। তাহলে, তারা একসঙ্গে কাজ করেছিল $\frac{50}{5} = 10$ দিন। অর্থাৎ, A 10 দিন পর চলে যায়।

46(B). মনে করি, আসল 100 টাকা।
1ম বছরের সুদ = 10 টাকা
2য় বছরের আসল = 100 + 10 = 110 টাকা।
2য় বছরের সুদ = 110 টাকার 10% = 11 টাকা।
প্রশ্নানুসারে 11 ইউনিট = 1,320 টাকা।
1 ইউনিট = 120 টাকা। আসল (100 ইউনিট) = 100 × 120 = 12,000 টাকা।

47(B). মোট ক্ষমতা (20 ও 30 এর ল.সা.গু) = 60 ইউনিট।
1ম পাইপের ক্ষমতা = +3 ইউনিট / মিনিট, 2য় পাইপের ক্ষমতা = −2 ইউনিট/মিনিট। 2 মিনিটে মোট কাজ হয় = 3 − 2 = 1 ইউনিট। শেষ মিনিটে 1ম পাইপটি 3 ইউনিট কাজ করে চৌবাচ্চা পূর্ণ করে দেবে। তাই প্রথমে আমরা (60−3) = 57 ইউনিট পূর্ণ করতে কত সময় লাগে দেখব।
1 ইউনিট পূর্ণ হয় 2 মিনিটে
57 ইউনিট পূর্ণ হয় 57 × 2 = 114 মিনিটে।
115তম মিনিটে 1ম পাইপ এসে বাকি 3 ইউনিট পূর্ণ করে দেবে। মোট সময় = 115 মিনিট।

48(B). মনে করি, গসাগু = x, তাহলে লসাগু = 45x.
প্রশ্নানুসারে x + 45x = 1150
বা, 46x = 1150 বা x = 25
অর্থাৎ গসাগু = 25 ও লসাগু = 45 × 25 = 1125. আমরা জানি, সংখ্যা দু'টির গুণফল = লসাগু × গসাগু।
অন্য সংখ্যা = $\frac{1125\times25}{125} = 225$.

49(B). মনে করি, সফল ছাত্র 6x ও অসফল ছাত্র x. মোট ছাত্র 7x. যদি আরো 6 জন ছাত্র সফল হত, তার মানে তারা অসফলদের মধ্য থেকেই সফল হয়েছে (মোট ছাত্র এক থাকলে)। নতুন সফল = 6x + 6, নতুন অসফল = x − 6.
শর্তানুসারে, $\frac{6x+6}{x-6} = \frac{9}{1}$ বা, 6x + 6 = 9x − 54 বা, 3x = 60 বা, x = 20. মোট ছাত্র উপস্থিত ছিল 7 × 20 = 140 জন।

50(C). 5 বছরে দ্বিগুণ হওয়া মানে 100 টাকা 200 টাকা হয়, অর্থাৎ সুদ হয় 100 টাকা। 100 টাকা সুদ হতে সময় লাগে 5 বছর। 8 গুণ হওয়া মানে 100 টাকা 800 টাকা হবে, অর্থাৎ সুদ হতে হবে 800 − 100 = 700 টাকা। 100 টাকা সুদ হয় 5 বছরে, 700 টাকা সুদ হবে 5 × 7 = 35 বছরে।

## ৩৯,৩২১ GenAI বেসড UI/UX

১ পাতার পর

অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা।'

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (এপ্রিল-জুন) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৬২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্রাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **UI/UX Designer**-দের। অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেস ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন ফন্ট ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer**-রা। অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience)** ডিজাইন জিনিসটা ঠিক কী? UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, টাইপোগ্রাফি, স্ক্রিন আউটলুক, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে **Product Designer**-ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা হোটেল বুকিং অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, টাইপোগ্রাফি, স্ক্রিন আউটলুক, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে অ্যাপটি খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই 'সবচেয়ে' গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer**-রা মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যার সমাধান করতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো, ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন কিরকম হবে আর সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পণ্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভবই নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা 'এত বেশি'। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। foundit.com এর গত ৬ মাসের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি সে পাবেই।'

**শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৬ থেকে ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি হয়।**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**


উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'ইউজার ইন্টারফেস (UI)' (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ইবলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Undertand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত ১০টির ওপর **AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা UI / UX ডিজাইনিং (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা প্রোডাক্ট ডিজাইনিং ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে — যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

২৩ মার্চ : ভারতের ইতিহাসে দীর্ঘতম সময় ধরে সরকারের প্রধান হিসাবে দায়িত্বপালনকারী ব্যক্তি হিসাবে নয়া নজির গড়লেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক্ষেত্রে সিকিমের প্রাক্তন মুখ্যমন্ত্রী পবন কুমার চামলিংকে ছাপিয়ে গিয়েছেন তিনি। প্রথমে গুজরাতের মুখ্যমন্ত্রী (২০০১-২০১৪) ও পরে দেশের প্রধানমন্ত্রী (২০১৪ সাল থেকে) হিসাবে মোট ৮,৯৩১ দিন দায়িত্ব পালন করে মোদী ভেঙে দিয়েছেন চামলিংয়ের ৮,৯৩০ দিনের রেকর্ড। এই মাইলফলক তাঁর দীর্ঘস্থায়ী নেতৃত্ব, অভিজ্ঞতা ও ধারাবাহিক জনসমর্থনের প্রতিফলন।

❑ এবছর 'বিশ্ব যুব সংসদ'এ ভারতের প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত হলেন সিকিমের তরুণ নেত্রী ও আইনের ছাত্রী স্তুতি প্রধান। 'বিকশিত ভারত যুব সংসদ ২০২৫'এ বিজয়ী হয়ে এই আন্তর্জাতিক প্ল্যাটফর্মে যোগ দেওয়ার যোগ্যতা অর্জন করেন তিনি। 'বিশ্ব যুব সংসদ' হল তরুণ নেতাদের জন্য একটি আন্তর্জাতিক মঞ্চ। দক্ষিণ কোরিয়া, সংযুক্ত আরব আমিরশাহী, কুয়েত, চাদ, তাইল্যান্ড, ইয়েমেন ও আরও বেশ কয়েকটি দেশের তরুণরা বিভিন্ন বৈশ্বিক বিষয় নিয়ে আলোচনা করবেন এখানে।



'হর পার্বতী কথা' উপন্যাসের জন্য ২০২৫ সালের 'সরস্বতী সম্মান'এর জন্য নির্বাচিত হলেন প্রখ্যাত বাঙালি লেখক রামকুমার মুখোপাধ্যায়। উপন্যাসটি ২০২০ সালে প্রকাশিত হয়েছিল, যেখানে সংস্কৃতি, পুরাণ ও সমাজের বিষয়বস্তু প্রতিফলিত হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯১ সাল থেকে এই পুরস্কার দিচ্ছে 'কে.কে.বিড়লা ফাউন্ডেশন'।

❑ ওড়িশার ভুবনেশ্বরে, ২৪ তম 'জাতীয় প্যারা অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের জ্যাভলিন থ্রো এফ১২ বিভাগে সোনার পদক পেলেন অরুণাচল প্রদেশের কিপা মেরো।

২৪ মার্চ : ভারতে এই প্রথম ডিএনএ বার কোডিং পদ্ধতি কাজে লাগিয়ে আরশোলার নতুন কোনো প্রজাতির খোঁজ পেলেন 'জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'র গবেষকরা। মহারাষ্ট্রের পুণের নাথাচিওয়াড়ি এলাকায় কৃষিজমিতে আরশোলার এই নতুন প্রজাতির খোঁজ পাওয়া গেছে। প্রজাতিটির বিজ্ঞানসম্মত নাম দেওয়া হয়েছে *'নিওলোবোপটেরা পেনিনসুলারিস'*। এই নিয়ে 'নিওলোবোপটেরা' গণের তৃতীয় কোনো প্রজাতির আরশোলার আবিষ্কার হল ভারত থেকে। এর আগে দু'টি প্রজাতির খোঁজ মিলেছিল ১৮৬৫ সালে ও ১৯৯৫ সালে। গবেষকদের মতে, হাজার হাজার বছর ধরে এই প্রজাতিটি রয়েছে দাক্ষিণাত্যের মালভূমিতে। তাও কোনো বৈজ্ঞানিক স্বীকৃতি ছাড়াই। এবার পতঙ্গদের মাঝে পরিচিতি পেল তারা।

❑ আইপিএল দল 'রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু' কিনে নিল ভারতের 'আদিত্য বিড়লা গোষ্ঠী'র নেতৃত্বাধীন কনসোর্টিয়াম। প্রায় ১.৭৮ বিলিয়ন ডলারে (প্রায় ১৬,৭০৬ কোটি টাকা) ফ্র্যাঞ্চাইজিটির ১০০% শেয়ার কিনে নিয়েছে তারা। এই চুক্তির ফলে আরসিবি এখন আইপিএলের সবথেকে দামি দল হয়ে উঠেছে। নতুন মালিকানায় ব্ল্যাকস্টোন, টাইমস গ্রুপ ও বোল্ট ভেঞ্চার্স'এরও অংশীদারিত্ব রয়েছে।

২৫ মার্চ : ৩ বছরের জন্য, 'সেবি'র পূর্ণকালীন সদস্য হিসাবে নিযুক্ত হলেন ভেঙ্কট রমন মূর্তি।

❑ 'আইকিউএয়ার'এর তরফ থেকে প্রকাশিত 'ওয়ার্ল্ড এয়ার কোয়ালিটি রিপোর্ট ২০২৫' অনুযায়ী, দিল্লিকে ছাড়িয়ে বিশ্বের সবথেকে দূষিত শহরের তকমা পেল উত্তর প্রদেশের গাজিয়াবাদের উপকণ্ঠে অবস্থিত 'লোনি'। সেখানকার বায়ুতে দূষণের মাত্রা 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র নির্ধারিত সীমার তুলনায় ২২ গুণেরও বেশি। লোনির বার্ষিক গড় পিএম ২.৫। পিএম ২.৫ কণা হল অত্যন্ত সূক্ষ্ম, যা ফুসফুস ও রক্তপ্রবাহের গভীরে প্রবেশ করে। ফলে এগুলি দৃশ্যমান ধূলিকণা বা ধোঁয়ার থেকে অনেক বেশি বিপজ্জনক। পাশাপাশি ভারত হল বিশ্বের ষষ্ঠতম দূষিত দেশ।

❑ OPU–IVF–ET প্রযুক্তি ব্যবহার করে সফলভাবে দেশীয় 'শাহীওয়াল' জাতের বাছুর উৎপাদন করেছে 'ইন্ডিয়ান ভেটেরিনারি রিসার্চ ইনস্টিটিউট'। ২০২৬ সালের ২৮ ফেব্রুয়ারি এই কার্যক্রম শুরুর মাত্র পাঁচ দিনের মধ্যেই প্রায় ৫টি সুস্থ বাছুরের জন্ম হয়েছে - যা বৈজ্ঞানিক পদ্ধতিতে গবাদিপশু পালনের উদ্ভাবনী ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান সক্ষমতাকে তুলে ধরে। উন্নতমানের জিনগত উপাদান ব্যবহার করে এই বাছুরগুলি উৎপাদন করা হয়েছে, যার ফলে এগুলির দুধের উৎপাদনশীলতা বাড়বে ও ওই জাতগুলির গুণগত মান উন্নত হবে। প্রসঙ্গত উল্লেখ্য, শাহীওয়াল গরু ভারতের অন্যতম সেরা দুধ উৎপাদনকারী দেশীয় জাত।

২৬ মার্চ : সবথেকে কম সময়ে ৭টি আগ্নেয়গিরির চূড়ায় আরোহণ করে বিশ্ব রেকর্ড গড়লেন ভারতীয় পর্বতারোহী ভূপতিরাজু অনমিশ বর্মা। ৯২ দিন ৪ ঘণ্টা ৪৫ মিনিটে এই কৃতিত্ব অর্জন করেছেন তিনি। ৬ ফেব্রুয়ারি এই কৃতিত্ব অর্জন করেন তিনি। ২০২৪ সালের ২৩ অক্টোবর রাশিয়ার 'মাউন্ট এলব্রুস' থেকে আরোহণ শুরু করেন আর ২০২৫ সালের ২৩ জানুয়ারি আন্টার্কটিকার 'মাউন্ট সিডলি'তে পৌঁছে সফলভাবে অভিযানটি শেষ করেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এই ৭টি আগ্নেয়গিরির মধ্যে রয়েছে - দক্ষিণ আমেরিকার 'ওজোস দেল সালাডো', আফ্রিকার 'মাউন্ট কিলিমাঞ্জারো', ইউরোপের 'মাউন্ট এলব্রুস', এশিয়ার 'মাউন্ট দামাভান্দ', উত্তর আমেরিকার 'পিকো ডি ওরিজাবা', ওশেনিয়ার 'মাউন্ট গিলুয়ে' ও আন্টার্কটিকার 'মাউন্ট সিডলি'।

❑ ২০২৮ সালের লস অ্যাঞ্জেলেস অলিম্পিক্স থেকে রূপান্তরকামী মহিলারা আর মহিলা বিভাগে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না বলে এক যুগান্তকারী নীতিমালা ঘোষণা করল 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি'। এই নতুন নিয়ম অনুযায়ী, প্রতিযোগিতার মহিলা বিভাগে অংশ নেওয়ার যোগ্যতা এখন থেকে শুধুমাত্র 'জৈবিক নারী' হিসাবে জন্ম নেওয়া ক্রীড়াবিদদের জন্যই সীমাবদ্ধ থাকবে।

২৭ মার্চ : নয়াদিল্লিতে, ফিক্স সিসিআই উই বার্ষিক নারী সম্মেলন ও সংবর্ধনা অনুষ্ঠানে, মর্যাদাপূর্ণ 'উইমেন এমপাওয়ারমেন্ট ট্রেইলব্লেজার পুরস্কার' পেলেন ঝাড়খণ্ডের বিধায়ক তথা রাজ্যের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন'এর স্ত্রী কল্পনা সোরেন। নারী ক্ষমতায়নে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। সমাজ ও অর্থনীতিতে মহিলাদের ভূমিকার স্বীকৃতি হিসাবে, এই পুরস্কারটি ঝাড়খণ্ড ও তার বাইরের মহিলাদের উৎসর্গ করেছেন তিনি।

❑ বিক্রি হয়ে গেল প্রথমবারের আইপিএল চ্যাম্পিয়ন দল 'রাজস্থান রয়্যালস'। মার্কিনি ব্যবসায়ী কাল সোমানি'র নেতৃত্বাধীন কনসোর্টিয়াম ১.৬৩ বিলিয়ন মার্কিন ডলারে (ভারতীয় মুদ্রায় প্রায় ১৫,৩০০ কোটি টাকা) 'রাজস্থান রয়্যালস'এর ১০০% মালিকানা কিনে নিয়েছে। আইপিএল ২০২৬ মরসুমের পর এই মালিকানা বদল আনুষ্ঠানিকভাবে কার্যকর হবে।

২৮ মার্চ : বিবিসি'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন ম্যাট ব্রিটিন। ১৮ মে থেকে দায়িত্ব নেবেন তিনি।

❑ যুক্তরাজ্যে, ভারতের পরবর্তী হাইকমিশনার হিসাবে নিযুক্ত হলেন পেরিয়াসামি কুমারন।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# ফিফা বিশ্বকাপ - ২০২৬

ভারতীয় সময় ২০ জুলাই রাত সাড়ে ১২টায়, নিউ জার্সির ইস্ট রাদারফোর্ডে অবস্থিত নিউ ইয়র্ক নিউ জার্সি স্টেডিয়ামে (মেটলাইফ স্টেডিয়াম) এবছরের ফিফা বিশ্বকাপের ফাইনাল হয়, যেখানে অতিরিক্ত সময়ে ১-০ গোলে আর্জেন্তিনাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় স্পেন। একনজরে এবছরের ফিফা বিশ্বকাপ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য।



### টুর্নামেন্টের তথ্য

❑ আয়োজক দেশ : কানাডা, মেক্সিকো ও মার্কিন যুক্তরাষ্ট্র।
❑ সংস্করণ : ২৩ তম।
❑ তারিখ : ১১ জুন থেকে ১৯ জুলাই (ভারতীয় সময় ২০ জুলাই)।
❑ দল : ৪৮টি (৬টি কনফেডারেশন থেকে)।
❑ ভেন্যু : ১৬টি (১৬টি আয়োজক শহরে)।
❑ চ্যাম্পিয়ন : স্পেন (দ্বিতীয় শিরোপা। ২০১০ সালের পর)।
❑ রানার্স-আপ : আর্জেন্তিনা।
❑ টুর্নামেন্টে মোট ম্যাচ খেলা হয়েছে : ১০৪টি।
❑ গোল সংখ্যা : ৩০৮ (ম্যাচ প্রতি ২.৯৬)।
❑ দর্শকসংখ্যা : ৬,৮১০,৯৬৬ (প্রতি ম্যাচে ৬৫,৪৯০)।
❑ সর্বোচ্চ গোলদাতা : ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে (১০ গোল)।
❑ সেরা খেলোয়াড় : রদ্রি (স্পেন)।
❑ সেরা তরুণ খেলোয়াড় : পাউ কুবারসি (স্পেন)।
❑ সেরা গোলরক্ষক : উনাই সিমোন (স্পেন)।

### বিশ্বকাপে কে কোন পুরস্কার পেলেন

❑ গোল্ডেন বল : রদ্রি (স্পেন)।
❑ গোল্ডেন বুট : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)।
❑ গোল্ডেন গ্লাভস : উনাই সিমোন (স্পেন)।
❑ সিলভার বল : লিওনেল মেসি (আর্জেন্তিনা)।
❑ সিলভার বুট : লিওনেল মেসি (আর্জেন্তিনা)।
❑ ব্রঞ্জ বল : কিলিয়ান এমবাপ্পে (ফ্রান্স)।
❑ ব্রঞ্জ বুট : জুড বেলিংহ্যাম (ইংল্যান্ড)।
❑ ফিফা ফেয়ারপ্লে পুরস্কার : নেদারল্যান্ডস।




### বিশ্বকাপে কোন দল কত নম্বরে

❑ চ্যাম্পিয়ন : স্পেন।
❑ রানার্স-আপ : আর্জেন্তিনা।
❑ তৃতীয় : ইংল্যান্ড।
❑ চতুর্থ : ফ্রান্স।
❑ পঞ্চম থেকে অষ্টম স্থানাধিকারী দল : মরক্কো, বেলজিয়াম, নরওয়ে ও সুইৎজারল্যান্ড।
❑ নবম থেকে ষোড়শ স্থানাধিকারী দল : ব্রাজিল, মেক্সিকো, মিশর, কলম্বিয়া, প্যারাগুয়ে, কানাডা, পর্তুগাল ও বেলজিয়াম।
❑ ১৭ তম থেকে ৩২ তম স্থানাধিকারী দল : জার্মানি, সুইডেন, দক্ষিণ আফ্রিকা, নেদারল্যান্ডস, ক্রোয়েশিয়া, অস্ট্রিয়া, বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনা, সেনেগাল, জাপান, আইভরি কোস্ট, ইকুয়েডর, কঙ্গো, কেপ ভার্দে, অস্ট্রেলিয়া, আলজেরিয়া ও ঘানা।
❑ ৩৩ তম থেকে ৪৮ তম স্থানাধিকারী দল : দক্ষিণ কোরিয়া, চেক প্রজাতন্ত্র, কাতার, স্কটল্যান্ড, হাইতি, তুরস্ক, কুরাসাও, তিউনিশিয়া, ইরান, নিউজিল্যান্ড, উরুগুয়ে, সৌদি আরব, ইরাক, জর্ডন, উজবেক-ই-স্তান ও পানামা।

### বিশ্বকাপে কোন দল কত টাকা পেল


❑ চ্যাম্পিয়ন দল : প্রায় ৪৮১ কোটি ৪২ লাখ ৭৫ হাজার।
❑ রানার্স-আপ : প্রায় ৩১৭ কোটি ৭৪ লাখ ২১ হাজার ৫০০।
❑ তৃতীয় স্থানাধিকারী : প্রায় ২৭৯ কোটি ২২ লাখ ৭৯ হাজার ৫০০।
❑ চতুর্থ স্থানাধিকারী : প্রায় ২৫৯ কোটি ৯৭ লাখ ৮ হাজার ৫০০।
❑ পঞ্চম থেকে অষ্টম স্থানাধিকারী দল : প্রায় ১৮২ কোটি ৯৪ লাখ ২৪ হাজার ৫০০।
❑ নবম থেকে ষোড়শ স্থানাধিকারী দল : প্রায় ১৪৪ কোটি ৪২ লাখ ৮২ হাজার ৫০০।
❑ ১৭ তম থেকে ৩২ তম স্থানাধিকারী দল : প্রায় ১০৫ কোটি ৯১ লাখ ৪০ হাজার ৫০০।
❑ ৩৩ তম থেকে ৪৮ তম স্থানাধিকারী দল : প্রায় ৮৬ কোটি ৬৫ লাখ ৬৯ হাজার ৫০০।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু





*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*

**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর জুলাই মাসে চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়াগনস্টিক সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফস্বলের মধ্যে এত কম কোর্স ফী তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. ভরতির জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.


**MBS Multi Speciality Hospital**

License Number : 33652675

OUR FACILITIES & DEPARTMENTS

CRITICAL CARE & SURGICAL UNITS
- 24/7 Emergency Medicine & Trauma Care
- ICU • HDU • NICU (Neonatal Intensive Care)
- Modular Operation Theatre (OT)
- General & Advanced Laparoscopic Surgery
- Orthopedics & Joint Care

SPECIALIZED DEPARTMENTS
- Obstetrics & Gynecology
- Pediatrics & Neonatology
- Gastroenterology
- Nephrology
- Internal Medicine & Diabetology
- Dental Surgery

SUPPORT SERVICES
- Fully Automated Laboratory
- 24/7 In-house Pharmacy
- Radiology (X-Ray, USG, Mammography)

Gate No- 7, Ballindi, Near BSF Camp Kalyani, Haringhata, Nadia 741245 +91 62967 57089 mbshospitalkalyani@gmail.com https://mbshospital.com/




*২৬ জুলাই বিশ্ববাংলা মেলা প্রাঙ্গনে, শিক্ষাক্ষেত্রে রাজ্যের অন্যতম সেরা প্রতিষ্ঠান টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সমাবর্তন উৎসব, অত্যন্ত জাঁকজমকের সঙ্গে পালন করা হল। নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান অশোক কুমার লাহিড়ী প্রধান অতিথি হিসাবে এসেছিলেন। এছাড়াও, অনুষ্ঠানে ডি. লিট (সাম্মানিক) দেওয়া হল, ইসরোর 'চন্দ্রায়ন-৩'-এর প্রোজেক্ট ডিরেক্টর তথা প্রখ্যাত মহাকাশ বিজ্ঞানী পি. ভিরামুথুভেল-কে, দেশের অন্যতম সেরা সার্জিক্যাল অঙ্কোলজিস্ট ড. শৈলেশ ভি. শ্রীখাণ্ডে-কে, অলিম্পিকে ব্যক্তিগত বিভাগে দেশের প্রথম স্বর্ণপদক বিজয়ী শুটার অভিনব বিন্দ্রাকে। টেকনো ইন্ডিয়ার চ্যান্সেলার প্রফেসর ড. গৌতম রায় চৌধুরী ও কো-চ্যান্সেলর প্রফেসর মানসী রায় চৌধুরীর প্রেরণামূলক বক্তৃতা অনুষ্ঠানে উপস্থিত বিশ্ববিদ্যালয়ের ২০০০-এর ওপর বেশি ছেলেমেয়েকে 'প্রকৃত শিক্ষিত হয়ে আরো উন্নত সমাজ ব্যবস্থা তৈরি করার স্বপ্ন দেখাতে শেখাবে।'*

*ফটো : মনীশ সাহা*

## স্কুল সার্ভিসের নবম-দশমের ভেরিফিকেশন শুরু

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম-দশম শ্রেণির ইংরিজি, ভৌতবিজ্ঞান ও জীবনবিজ্ঞান বিষয়ের সার্টিফিকেট ভেরিফিকেশন শুরু হচ্ছে ৩০ জুলাই থেকে। নবম-দশম শ্রেণিতে শূন্যপদ আছে ২৩,২০৯টি। লিখিত পরীক্ষার ফল বেরোনোর পর ইংরিজি, ভৌতবিজ্ঞান ও জীবনবিজ্ঞান ছাড়া বাকি সব বিষয়ের সার্টিফিকেট ভেরিফিকেশন হয়েছিল। সম্প্রতি স্কুল সার্ভিস কমিশন বিজ্ঞপ্তি দিয়ে ওই ৩টি বিষয়ের সার্টিফিকেট ভেরিফিকেশন সংক্রান্ত তথ্য জানিয়েছে।


**কর্মসংস্থান**

বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ

✆: 9830795430







Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com